ঔষধ নির্দেশিকা

প্রাপ্তি ল্যাবরেটরীজ (আয়ূ)
ময়মনসিংহ, বাংলাদেশ।

Phone : +880 1713 549205
95/2, Vatikashor, Mymensingh-2200
E-Mail : praptilaboratories2014@gmail.com
Facebook: Prapti Laboratories

ঔষধ নির্দেশিকা

প্রকাশ কাল
ডিসেম্বর, ২০২৫ খ্রি. প্রথম সংস্করণ

প্রকাশনায়
প্রাপ্তি ল্যাবরেটরীজ (আয়ূ)

রচনা ও সম্পাদনা
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
ডি.এইচ.এম. এস (ঢাকা), ডি.এ.এম.এস (ঢাকা), এম.এ

প্রচ্ছদ ও বই ডিজাইন
মোঃ রাজন মিয়া

প্রাপ্তি ল্যাবরেটরীজ (আয়ূ)
২০১৩ সাল হতে মানব সেবায় নিবেদিত অনন্য প্রতিষ্ঠান

হেড অফিস : ৯৫/২, ভাটিকাশর, ময়মনসিংহ-২২০০
ফেক্টরী : সি-১৭, বিসিক, মাসকান্দা, ময়মনসিংহ, বাংলাদেশ।
মোবাইল : ০১৭১৩-৫৪৯২০৫, ০১৯১৬-৪২৩৫০৫
ই-মেইল : praptilaboratories2014@gmail.com

প্রাপ্তি ল্যাবরেটরীজ (আয়ূ)-এর প্রতিষ্ঠাতা

প্রাপ্তি ল্যাবরেটরীজ :

আমাদের প্রতিষ্ঠান প্রকৃতির সুস্থতা দর্শনকে ভিত্তি করে উচ্চমানের আয়ূর্বেদিক ও ভেষজ ঔষধ তৈরি করে থাকে। প্রাচীন চিকিৎসা বিজ্ঞানের গভীর জ্ঞান এবং আধুনিক মাননিয়ন্ত্রণ পদ্ধতির সমন্বয়ে আমরা প্রস্তুত করি বিশুদ্ধ, কার্যকর ও নিরাপদ হারবাল ফর্মুলেশন। আমাদের লক্ষ্য হলো শরীর, মন ও জীবনশক্তির স্বাভাবিক ভারসাম্য রক্ষা করে মানুষের সুস্থতাকে প্রাকৃতিক পথে পৌঁছে দেওয়া।

প্রতিষ্ঠানের প্রতিটি পণ্যে আমরা ব্যবহার করি বিশুদ্ধ ভেষজ উপাদান, যেগুলো নির্ভরযোগ্য প্রাকৃতিক উৎস থেকে সংগ্রহ করা হয় এবং পরীক্ষিত গবেষণা- ভিত্তিক প্রক্রিয়ায় প্রস্তুত করা হয়। উৎপাদনের প্রতিটি পর্যায়ে আমরা (GMP) ও স্ট্যান্ডার্ড কোয়ালিটি কন্ট্রোল অনুসরণ করি, যাতে রোগীরা পায় নিরাপদ, মানসম্মত এবং কার্যকরী ঔষধ।

আমাদের মূল লক্ষ্য-

- প্রকৃতিক শক্তিকে বৈজ্ঞানিক নিয়মে মানুষের মাঝে পৌঁছে দেওয়া।
- সুস্থতা, পুষ্টি ও জীবন মান উন্নয়নে কার্যকর ভেষজ পণ্য সরবরাহ।
- দীর্ঘদিনের আস্থাকে ধরে রেখে গ্রাহকবান্ধব সেবা প্রদান।

আমরা বিশ্বাস করি আয়ূর্বেদ শুধু চিকিৎসা নয়, বরং একটি জীবনধারা। তাই আমাদের প্রতিটি প্রচেষ্টা মানুষের জীবনে প্রাকৃতিক ভারসাম্য, মানসিক প্রশান্তি ও সার্বিক সুস্থতা ফিরিয়ে আনার জন্য নিবেদিত। প্রকৃতির প্রতি সম্মান, গভেষণাভিত্তিক জ্ঞান এবং গুণগত মান-এই তিন ভিত্তির ওপর দাঁড়িয়ে আমাদের প্রতিষ্ঠানের অগ্রযাত্রা অব্যাহত রয়েছে এবং ভবিষ্যতেও থাকবে ইনশাল্লাহ।

ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান

প্রতিষ্ঠাতা- প্রাপ্তি ল্যাবরেটরীজ (আয়ূ)

ময়মনসিংহ, বাংলাদেশ।

বাণী

আয়ূর্বেদ শুধু একটি চিকিৎসা পদ্ধতি নয়, এটি একটি সমগ্র জীবনদর্শন, যা আমাদের শেখায় কীভাবে দেহ, মন ও আত্মাকে সমন্বিত ও ভারসাম্যপূর্ণ রাখা যায়। আয়ূর্বেদ শব্দের উৎপত্তি "আয়ূ" অর্থ জীবন এবং "বেদ" অর্থ জ্ঞান, যা নির্দেশ করে জীবনের পূর্ণাঙ্গ জ্ঞান। প্রাচীন বৈদিক যুগ থেকে শুরু করে আজকের দিন পর্যন্ত আয়ূর্বেদ মানুষকে শারীরিক সুস্থতা, মানসিক প্রশান্তি এবং দীর্ঘায়ুর পথে পরিচালিত করেছে। আয়ূর্বেদের মূল ভিত্তি হলো- ত্রিদশা-বাত ও পিত্ত, যা শরীরের কার্যকলাপ এবং মানসিক অবস্থাকে নিয়ন্ত্রণ করে। ভাতি দোষ দেহের গতিশীলতা ও স্নায়ুতন্ত্র নিয়ন্ত্রণ করে, পিত্ত দোষ উত্তাপ ও হজম প্রক্রিয়ার প্রভাব ফেলে, আর কফ দোষ দেহের স্থায়িত্ব, আর্দ্রতা এবং সুরক্ষা নিশ্চিত করে। প্রতিটি ব্যক্তির দোষের ভারসাম্য তার স্বাস্থ্য ও মনোভাব নির্ধারণ করে। আয়ূর্বেদ শেখায়, এই ভারসাম্য বজায় রাখলে আমরা রোগহীন ও দীর্ঘজীবন উপভোগ করতে পারি। শরীর সুস্থ রাখার জন্য আয়ূর্বেদ সুষম আহার, নিয়মিত শারীরিক ব্যায়াম, পর্যাপ্ত বিশ্রাম, এবং মানসিক প্রশান্তিকে গুরুত্বপূর্ণ মনে করে। প্রতিদিনের খাদ্য কেবল শক্তি দেয় না, এটি শরীরের কোষ, রক্ত, হরমোন এবং রোগ প্রতিরোধ ক্ষমতার উন্নয়নের মূল ভিত্তি। মৌসুম অনুযায়ী খাদ্য গ্রহণ, প্রাকৃতিক উপায়ে রান্না করা খাবার এবং ভারসাম্যপূর্ণ পুষ্টি দেহ ও মনকে সঠিকভাবে সমর্থন করে। আয়ূর্বেদ শুধু শারীরিক সুস্থতার নয়, মানসিক ও আত্মিক সুস্থতারও পথ দেখায়। ধ্যান, প্রাণায়াম ও যোগব্যায়াম চর্চা করে মনকে শান্ত করা যায়। শান্ত মনই সুস্থ দেহের মূল এবং সুস্থ দেহই দীর্ঘায়ুর প্রমাণ। প্রাকৃতিক নিয়মের সাথে জীবনযাপন, যেমন সূর্যোদয় ও সূর্যাস্ত অনুযায়ী ঘুম, মৌসুম অনুযায়ী খাদ্য ও জীবনধারা, দেহ ও মনকে ভারসাম্যপূর্ণ রাখে। আয়ূর্বেদ আমাদের শেখায়, প্রতিরোধই সেরা চিকিৎসা। রোগ হলে দেহকে চিকিৎসা করা নয়, বরং প্রতিদিনের সচেতন জীবনধারা মেনে দেহ, মন ও আত্মাকে সুস্থ রাখতে হবে। হরীতকী, অশ্বগন্ধা, মধু তিল, মুসলি ইত্যাদি প্রাকৃতিক উপাদান শরীরের শক্তি বৃদ্ধি, রোগ প্রতিরোধ ক্ষমতা উন্নয়ন এবং মানসিক স্থিতি বজায় রাখতে সাহায্য করে। সত্যিকারের সুস্থতা কেবল ঔষধে নয়, এটি প্রতিদিনের সচেতন জীবনধারায় নিহিত। নিয়মিত শারীরিক পরিচ্ছন্নতা, প্রাকৃতিক খাবার, পরিমিত ব্যায়াম, যথেষ্ট বিশ্রাম এবং ধ্যান-যোগ চর্চা মানুষের জীবনকে সুস্থ, শান্তিপূর্ণ ও দীর্ঘায়ু করে। আয়ূর্বেদ আমাদের শেখায়, জীবনকে প্রাকৃতিক নিয়মের সাথে মিলিয়ে যাপন করতে হবে। দেহ, মন ও আত্মাকে ভারসাম্যপূর্ণ রাখাই আয়ূর্বেদের মূল উদ্দেশ্য।

ভূমিকা

মানবজীবনের সুস্থতা ও দীর্ঘায়ুর মূলভিত্তি হলো প্রকৃতির সঙ্গে আমাদের নিবিড় সম্পর্ক। আধুনিক জীবনের শত ব্যস্ততা, দুশ্চিন্তা, অনিয়মিত খাদ্যাভ্যাস ও বায়ু দূষণের প্রভাবে আজ নানা জটিল রোগ ও শারীরিক অসুস্থতা বেড়েই চলেছে। তাই শতাব্দীর পর শতাব্দী ধরে পরীক্ষিত, প্রাকৃতিক উপাদানে গঠিত এবং দেহের স্বাভাবিক শক্তিকে জাগ্রতকারী আয়ূর্বেদিক চিকিৎসা পদ্ধতির প্রতি মানুষের আগ্রহ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এই বইটি রচিত হয়েছে ঠিক সেই প্রয়োজনকে সামনে রেখে-

যারা প্রাকৃতিক ঔষধের প্রতি আস্থা রাখেন, যারা রাসায়নিক-নির্ভর চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়া এড়িয়ে নিরাপদ ও দীর্ঘস্থায়ী সমাধান খুঁজছেন, তাদের জন্যই এই গ্রন্থ। এখানে প্রতিটি আয়ূর্বেদিক ঔষধ এর উপকারিতা, ব্যবহারের নিয়ম, প্রয়োজনীয় সতর্কতা, দেহের দোষ-ধাতু-বিকৃতি অনুযায়ী প্রভাব, এবং দীর্ঘদিনের বাস্তব অভিজ্ঞতা সমন্বিত তথ্য সহজ ভাষায় তুলে ধরা হয়েছে।

মানুষ কেন এই বইটি পড়বে?

কারণ এই বই শুধু পণ্য পরিচয় নয়-এটি একটি স্বাস্থ্য-দর্শন, যা আপনাকে শেখাবে কীভাবে প্রকৃতির সঙ্গে সঙ্গতি রেখে দেহ, মন ও আত্মাকে সুসংহত রাখা যায়। এখানে আপনি পাবেন-

- **রোগ প্রতিরোধ ও আয়ূর্বেদিক পণ্যের বৈজ্ঞানিক ভিত্তি।**
- **প্রতিটি উপাদানের সঠিক পরিচয় ও কাজ এবং ব্যবহার।**
- **কোন পণ্য কার জন্য উপযোগী এবং কার জন্য নয়।**
- **দৈনন্দিন জীবনে আয়ূর্বেদিক নিয়ম পালন করে সুস্থ থাকার বাস্তব পদ্ধতি।**
- **প্রাকৃতিক চিকিৎসার নিরাপদ ব্যবহারের নির্দেশনা।**

এই বইয়ের প্রতিটি পৃষ্টায় পাঠককে স্বাস্থ্য ও প্রকৃত জ্ঞান ও সচেতনতার দিকে একধাপ এগিয়ে নিয়ে যাবে। আশা করি, এই গ্রন্থ কেবল আপনার চিকিৎসা-সহায়ক হবে না, বরং আপনাকে প্রকৃতির কাছাকাছি এনে একটি স্বাস্থ্যকর ও শান্তিময় জীবন গঠনে অনুপ্রাণিত করবে।

প্রোডাক্ট লিস্ট

সিরাপ

সূচিপত্র

নং	ব্র্যান্ডের নাম	জেনেরিক নাম	পৃষ্ঠা
০১.	প্রাপ্তিনিট (Praptinit)	মুস্তকারিষ্ট	০১
০২.	প্রিডোভাস (Predovas)	বাসকারিষ্ট	০২
০৩.	প্রাপ্তি-লি (Prapti-Lee)	পত্রাঙ্গাসব	০৩
০৪.	রুচিপ্রাপ্তি (Ruchiprapti)	বলারিষ্ট	০৪
০৫.	ইভোরন (Evoron)	লৌহাসব	০৫
০৬.	কালোমেঘ-প্লাস (Kalomeg-Plus)	কালোমেঘাসব	০৬
০৭.	পিনালেক্স (Pinalex)	ভীমরস	০৭
০৮.	ভিগাপেপ (Vigapep)	অরবিন্দাসব	০৮
০৯.	প্রি-কফ (Pre-Cough)	দ্রাক্ষারিষ্ট	০৯
১০.	প্রাপ্তি-জিন (Prapti-Zin)	দশমূলারিষ্ট	১০
১১.	প্রিভাইটাল (Prevital)	সঞ্জীবনী রসায়ন	১১
১২.	পেনাভিট (Panavit)	আমলকী রসায়ন	১২
১৩.	রেক্সোরিষ্ট (Rexorist)	অশ্বগন্ধারিষ্ট	১৩
১৪	প্রাপ্তিসিড (Prapticid)	ফলারিষ্ট	১৪
১৫	পিনাফি (Pinafi)	সারিবাদ্যসব	১৫
১৬.	প্রাপ্তি-কার্ড (Prapti-Card)	অর্জুনারিষ্ট	১৬
১৭.	প্রাপ্তি-এইচ (Prapti-H)	রোহিতকারিষ্ট	১৭
১৮.	প্রিকোরি-পি (Precori-P)	অশোকারিষ্ট	১৮
১৯.	ইউরোপ্রাপ্তি (Uroprapti)	চন্দনাসব	১৯
২০.	প্রাপ্তি-এম (Prapti-M)	উপশম	২০
২১.	ডায়া-প্লাস (Dia-Plus)	জাম্বাদ্যরিষ্ট	২১
২২.	বেন-টেক্স (Ben-tex)	মুস্তাকাদি ক্বাথ	২২
২৩.	রিফাভিট (Refavit)	অমৃতারিষ্ট	২৩

প্রোডাক্ট লিস্ট

ক্যাপসুল

সূচিপত্র

নং	ব্র্যান্ডের নাম	জেনেরিক নাম	পৃষ্ঠা
০১.	স্পিলিনা (Spilina)	স্পিরুলিনা	২৪
০২.	জেনোনেক্স (Genunex)	জিনজার	২৫
০৩.	স্টীমোপ্রাপ্তি (Stimoprapti)	শতমূল	২৬
০৪.	প্রাপ্তি-ভিটা (Prapti-Vita)	অশ্বগন্ধা	২৭
০৫.	হর্মোপ্রাপ্তি (Hormoprapti)	জিনসেং	২৮
০৬.	নিউরোভাইন (Neurovine)	পঙ্কচার ভাইন	২৯
০৭.	ইন্ডো-প্লাম (Indo-Plam)	ওয়াইল্ড য়্যাম	৩০
০৮.	দারুক্যাল (Darucal)	দরুহরিদ্রা	৩১
০৯.	নিমাটল (Neematol)	নিম	৩২
১০.	নার্বোটিড (Narbotid)	ইয়ারো	৩৩
১১.	টোভাটিন (Tovatin)	গার্লিক	৩৪
১২.	ক্লোভা (Clova)	ফেবার ফিউ	৩৫
১৩.	কাষ্টোভাস (Custovas)	কাউস্লিপ	৩৬
১৪	বেক্টোলিন (Bactolin)	ফাইটোলাক্কা	৩৭
১৫	পেপলস (Peplose)	ফ্রানগুলা	৩৮
১৬.	থানমেরী (Thanmery)	থানকুনি	৩৯
১৭.	প্রাপ্তি-গেইন (Prapti-Gain)	আলকুশি	৪০
১৮.	ডায়াপেপ (Diapep)	কুড়চি	৪১
১৯.	স্ট্রোফেন (Strofen)	স্ট্রোফানথাস	৪২
২০.	প্রি-পেইন (Pre-Pain)	নিশিন্দা	৪৩
২১.	চিরাক্যাপ (Chiracap)	চিরতা	৪৪
	সেমিসলিড		
২২.	স্পামোটিল (Spamotil)	শুক্রসঞ্জীবনী মোদক	৪৫
২৩.	মেলকাষ্ট (Malcust)	চ্যবনপ্রাশ	৪৬
২৪.	কল্যাণাবলেহ (Kalyanabaleha)	কল্যাণাবলেহ	৪৭
	ক্রীম + অয়েন্টমেন্ট		
২৫.	ক্যাপসিকেয়ার (Capcicare)	ক্যাপসিকাম	৪৮
২৬.	ডার্মোনিম (Darmoneem)	নিম	৪৯

প্রাপ্তিনিট
মুস্তকারিষ্ট

সকল প্রকার গ্যাস্ট্রিক ও হজমে কার্যকরী

Praptinit
Mustakarista

সিরাপ

বর্ণনা
প্রাপ্তিনিট (মুস্তকারিষ্ট) প্রাকৃতিক উপাদানের সমন্বয়ে গঠিত একটি বিশেষ কার্যকরী ফর্মূলা, যা হজমকারক, বায়ু নাশক, লিভার ও পাকস্থলীর শক্তিবর্ধক হিসেবে কার্যকরী। প্রাপ্তিনিট (মুস্তকারিষ্ট) বদহজম, পেট ফাঁপা, বুকজ্বালা ও পেট ব্যথা, এর চিকিৎসায় অত্যন্ত কার্যকরী ভূমিকা রাখে।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - মুস্তক (Cyperus Rotundus) ২.৬৩ গ্রাম, ধাইফুল (Woodfordia Fruticosa) ০.২২ গ্রাম, শুষ্ঠি (Zingiber Officinale) ২৭.৩৮ মি. গ্রাম, মরিচ (Piper Nigrum) ২৭.৩৮ মি. গ্রাম, চিতামূল (Plumbago Zeylanica) ২৭.৩৮ মি. গ্রাম, লবঙ্গ (Syzygium Aromaticum) ২৭.৩৮ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান ও সহযোগী উপাদান পরিমাণমত।

নির্দেশনা
- বদহজম
- ক্ষুধামন্দা
- বুকজ্বালা
- পেট ফাঁপা
- বায়ুনাশক
- হজমকারক

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : দৈনিক ২-৩ চা-চামচ, দিনে ৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১-২ চা-চামচ দিনে ২ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
কোনো প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা
নির্দিষ্ট মাত্রায় ঔষধটি সেবন করতে হবে।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।



প্রিডোভাস
বাসকারিষ্ট

সকল প্রকার কাশি ও গলাব্যথায় কার্যকরী

Predovas
Vasakarista

সিরাপ

বর্ণনা
প্রিডোভাস মধু সমন্বয়ে প্রস্তুত যা শুষ্ক অস্বস্তিকর কাশি, অ্যালার্জি ও ধূমপানজনিত কাশি, স্বরভঙ্গ ও গলাব্যথা, হাঁপানি এবং শ্বাসতন্ত্রের সংক্রমণের চিকিৎসায় কার্যকরী। প্রিডোভাস শক্তিশালী কাশি নিবারক ও অ্যালার্জি প্রতিরোধক হিসেবে কাজ করে। এটি স্নিগ্ধকারক হিসেবে গলাব্যথা ও অস্বস্তি দূর করে এবং কফ নিঃসারক হিসেবে কফ ও শ্বাসনালীর শ্লেষ্মা দূর করে। এটি শ্বাসনালি হতে মিউকাস নিষ্কাশন ত্বরান্বিত করে। এটি অত্যন্ত সুসহনীয়, নিরাপদ এবং তন্দ্রাছন্নতা মুক্ত আয়ূর্বেদিক কফ সিরাপ যা শিশু ও প্রাপ্ত বয়স্কদের উভয়ের জন্য সমভাবে কার্যকরী। এটি সেবনে ঝিমুনী, কোষ্ঠকাঠিন্য ও মুখগহ্বরের শুষ্কতাসহ অন্যান্য পার্শ্ব-প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - বাসক (Adhatoda Vasica) ০.৬৮ গ্রাম, যষ্টি মধু (Glycerrhiza Glabra) ৬.৭৮ মি. গ্রাম, পিপুল বীজ (Piper longum) ০.১৪ গ্রাম, খাঁটি মধু (Puretic Honey) ৩.৪৭ গ্রাম, দ্রাক্ষা (Vitis Vinifera) ০.১৪ গ্রাম, হরীতকী (Terminalia Chebula) ৭৩.২৪ মি. গ্রাম, ধাইফুল (Woodfordia Fruticosa) ১.১৪ গ্রাম, কুড় (Saussurea lappa) ৬.৭৮ মি. গ্রাম, বচ (Acorus calamus) ৬.৭৮ মি. গ্রাম, কাকড়াশৃঙ্গী (Pistacia Integerrima) ৬.৭৮ মি. গ্রাম, কটফল (Myrica Nagi) ৩.৪৭ গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান ও সহযোগী উপাদান পরিমাণমত।

নির্দেশনা
- শুষ্ক অস্বস্তিকর কাশি
- অ্যালার্জি ও ধূমপানজনিত কাশি
- স্বরভঙ্গ ও গলা ব্যথা
- হাঁপানি
- শ্বাসতন্ত্রের সংক্রমণ
- শ্বাস কষ্টজনিত কাশি।

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ১-২ চা-চামচ দিনে ২-৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১ চা-চামচ দিনে ২ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
কোনো প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা
গর্ভকালীন সময়ে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি সিরাপ।

প্রাপ্তি-লি
পত্রাঙ্গাসব

মহিলাদের শ্বেতপ্রদর ও বিবিধ বর্ণের স্রাবে কার্যকর

Prapti-Lee
Pratrangasav

সিরাপ

বর্ণনা
প্রাপ্তি-লি (পত্রাঙ্গাসব) হলো এক প্রাচীন ও প্রমাণিত আয়ূর্বেদীক ঔষধ, যা বিশেষভাবে নারী স্বাস্থ্য সুস্থ রাখতে, রক্তশুদ্ধিতে ও শরীরের সামগ্রিক দুর্বলতা দূরীকরণে ব্যবহৃত হয়। প্রাপ্তি-লি (পত্রাঙ্গাসব) মূলত নারীদেহের রক্ত, জরায়ু ও হরমোনের ভারসাম্য বজায় রাখতে সহায়ক। এটি শ্বেতপ্রদর, বিবিধ বর্ণের স্রাব, জ্বরায়ুশূল, পান্ডু, জ্বর, শোথ মন্দাগ্নি ও আরোচক ইত্যাদি রোগের জন্য কার্যকর। প্রাপ্তি-লি তে থাকা প্রধান উপাদানসমূহ যেমন পত্রঙ্গ, খদির, বাসা, বলা ও শারিবা এগুলোর ঔষধি গুন একত্রে শরীরকে ভেতর থেকে পরিশুদ্ধ করে রক্ত ও জরায়ুকে পুষ্টি দেয়, এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। আয়ূর্বেদ মতে নারীর দেহে রক্তধাতু, আর্তব ধাতু সুস্থ থাকা মানেই সুস্থ প্রজননতন্ত্র। প্রাপ্তি-লি এই দুই ধাতুকে পুষ্টি ও শক্তি জোগায় ফলে মাসিকের অনিয়ম, দুর্বলতা ও জরায়ুজনিত নানা সমস্যার সমাধান ঘটে। নিয়মিত প্রাপ্তি-লি সেবনে দেহে রক্তবৃদ্ধি ঘটায়, দেহের প্রাকৃতিক রোগপ্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে এবং দেহে এক নতুন উজ্জ্বলতা ও শক্তি ফিরিয়ে আনে।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - পত্তঙ্গ (Caesalpinia Sappan) ৪.৪৭ মি. গ্রাম, খদির কাষ্ঠ (Acacia Catechu) ৪.৪৭ মি. গ্রাম, বাসা (Adhatoda Vasica) ৪.৪৭ মি. গ্রাম, বলা (Sida Cordifolia) ৪.৪৭ মি. গ্রাম, শারিবা (Hemidesmus Indicus) ৪.৪৭ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান ও সহযোগী উপাদান পরিমাণমত।

নির্দেশনা
- শ্বেতপ্রদর
- জরায়ুশূল
- পান্ডু
- মন্দাগ্নি
- বিবিধ বর্ণের স্রাব
- জ্বর
- শোথ
- অরোচক

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ১-২ চা-চামচ দিনে ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১ চা চামচ দিনে ২ বার আহারের পর সমপরিমাণ পানিসহ অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা পত্রাঙ্গাসব এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে পেট ফাঁপা, পাতলা পায়খানা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন ও দুগ্ধদানকালীন ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

রুচিপ্রাপ্তি
বলারিষ্ট

উচ্চ ক্ষমতাসম্পন্ন মাল্টিভিটামিন

Ruchiprapti
Balarista

সিরাপ

বর্ণনা
রুচিপ্রাপ্তি (বলারিষ্ট) হলো, উচ্চ ক্ষমতা সম্পন্ন একটি ভেষজ ঔষধ, যা শরীরের সামগ্রিক সুস্থতা এবং শক্তি বৃদ্ধিতে অতুলনীয় ভূমিকা রাখে। রুচিপ্রাপ্তি (বলারিষ্ট) শারীরিক দুর্বলতা, ক্লান্তি এবং মানসিক অবসাদ দূর করতে অত্যন্ত কার্যকর। এটি পেশির শক্তি বৃদ্ধি করে এবং শরীরের কোশগুলোকে পুনরুজ্জীবিত করতে সাহায্য করে। রুচিপ্রাপ্তি (বলারিষ্ট) শুধু মাত্র শারীরিক শক্তিই বাড়ায় না, বরং এটি হজম প্রক্রিয়া উন্নত করে, খাবারের রুচি বৃদ্ধি করে এবং শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাকে শক্তিশালী করতেও সহায়তা করে।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - বলা (Sida Cordifolia) ১.৩৫ গ্রাম, অশ্বগন্ধা (Withania Somnifera) ১.৩৫ গ্রাম, ধাতকী (Woodfordia Fruticosa) ০.২২ গ্রাম, ক্ষীরকাকোলী (Lilium Polyphyllum) ২৮.১৫ মি. গ্রাম, এরন্ডমূল (Ricinus Communis) ২৮.১৫ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান ও সহযোগী উপাদান পরিমাণমত।

নির্দেশনা
- সাধারণ দুর্বলতা
- অপুষ্টি
- পক্ষাঘাত
- হস্ত কম্প
- বধিরতা
- অস্পষ্ট ভাষণ

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৪ চা-চামচ দিনে ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১-২ চা-চামচ দিনে ২ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
কোনো প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা
নির্দিষ্ট মাত্রায় ঔষধটি সেবন করতে হবে।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

ইভোরন
লৌহাসব

আয়রনের ঘাটতি পূরণ করে

Evoron
Louhasav

সিরাপ

বর্ণনা
ইভোরন (লৌহাসব) হলো একটি বিশেষ আয়ূর্বেদিক ফর্মূলা, যাতে মূল উপাদান হিসেবে ব্যবহার করা হয় লৌহভস্ম, শুণ্ঠি, পিপ্পলী, মরিচ ও হরীতকী। ইভোরন (লৌহাসব) কেবল রক্তবর্ধক নয় বরং হজমীকারক অরুচি প্রশমক এবং দীর্ঘজীবনশক্তি বৃদ্ধিকারক ঔষধ হিসেবে সুপরিচিত। ইভোরন আয়রনের ঘাটতি পূরণ, পান্ডু, শোথ-গুপ্তরোগ, প্লীহাবৃদ্ধি এবং জীর্ণজ্বরের ক্ষেত্রে হতে পারে বিশেষ চিকিৎসা। মানবদেহের সুস্থতা ও শক্তি রক্ষায় রক্তের ভূমিকা অপরিসীম। রক্তশক্তি ও আয়রনের অভাবে অ্যানিমিয়া সৃষ্টি হয়, জীর্ণজ্বর এবং প্লীহাবৃদ্ধি এর মতো সমস্যা হয়। এ সকল সমস্যা সমাধানের জন্য ইভোরন (লৌহাসব) হবে কার্যকরী সমাধান। ইভোরন নিয়মিত সেবনে শরীরের শক্তি এবং প্রতিরোধ ক্ষমতা দৃঢ় হয়। শিশু, বৃদ্ধ, দুর্বল রোগী বা যারা নিয়মিত রক্তহীনতা ও ক্লান্তিতে ভুগছেন তাদের জন্য ইভোরন একটি অত্যন্ত মূল্যবান ঔষধ।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - লৌহভস্ম (Calcined Ferrum) ৩৬.৭৬ মি. গ্রাম, শুণ্ঠি (Zingiber Officinale) ৩৬.৭৬ মি. গ্রাম, পিপ্পলী (Piper Longum) ৩৬.৭৬ মি. গ্রাম, মরিচ (Piper Nigrum) ৩৬.৭৬ মি. গ্রাম, হরীতকী (Terminalia Chebula) ৩৬.৭৬ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান ও সহযোগী উপাদান পরিমাণমত।

নির্দেশনা
- আয়রন এর অভাব পূরণ করে
- রক্তবর্ধক
- প্লীহাবৃদ্ধি
- আরোচক ও গ্রহণী
- হজমীকারক
- পান্ডু
- শোথ শোথ গুল্ম
- জীর্ণজ্বর

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৪ চা চামচ দৈনিক ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১-২ চা চামচ দৈনিক ২ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
কোনো প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে রক্তচাপের প্রভাব, অস্থিরতা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন বা শিশুদের জন্য নির্দিষ্ট ডোজ ছাড়া সেবন ঝুঁকিপূর্ণ হতে পারে।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।



কালোমেঘ প্লাস

কালোমেঘাসব

জ্বর নিবারক ও প্লীহা বৃদ্ধিতে কার্যকর

Kalomeg Plus

Kalameghasav

সিরাপ

বর্ণনা

কালোমেঘ প্লাস (কালোমেঘাসব) একটি কার্যকরী ফর্মূলায় তৈরি আয়ূর্বেদিক ঔষধ, যা শরীর থেকে বিষাক্ত পদার্থ দূর করে, রক্ত পরিশোধন করে ও যকৃতের কর্মক্ষমতা বৃদ্ধি করে। এর প্রধান উপাদান কালোমেঘ (Andrographis Paniculata) যা আয়ূর্বেদে "King of Bitters" নামে পরিচিত। এটি হজম শক্তি বৃদ্ধি, জ্বর নিরাময় ও সংক্রমণ প্রতিরোধে অত্যন্ত কার্যকর। যকৃতের শুষ্কতা, রক্তদোষ, কোষ্ঠবদ্ধতা ও বিষম জ্বরের ক্ষেত্রে কালোমেঘ প্লাস হতে পারে কার্যকর চিকিৎসা।

উপাদান

প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - যবতিক্তা (কালমেঘ) (Andrographis Paniculata) ১৪.৩২ মি.গ্রাম, কিরাত তিক্তা (চিরতা) (Swertia Chirata (Roxb)) ১৪.৩২ মি.গ্রাম, গুড়চি (Tinospora Cordifolia) ১৪.৩২ মি.গ্রাম, পর্পটক (ক্ষেৎপাপড়া) (Oldenlandia Corymbosa) ১৪.৩২ মি.গ্রাম, মধু (Honey) ১.৮৬ গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা

- যকৃতের শুষ্কতা
- রক্তদোষ
- বিষম জ্বর
- প্লীহা বৃদ্ধি
- কোষ্ঠবদ্ধতা
- রক্ত পরিশোধন

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ২-৪ চা-চামচ ঔষধ দৈনিক ২-৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১-২ চা-চামচ দৈনিক ২-৩ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা কালোমেঘাসব এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে গ্যাস্ট্রিকের সমস্যা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভকালীন ও দুগ্ধদানকালীন মহিলাদের ক্ষেত্রে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

পিনালেক্স
ভীমরস

ভিটামিনের অভাবে কার্যকর

Pinalex
Bhimras

সিরাপ

বর্ণনা
পিনালেক্স (ভীমরস) একটি শক্তিবর্ধক ও নিউরো-টনিক (Neurotonic) আয়ূর্বেদিক ফর্মূলায় প্রস্তুত, যা দেহের স্নায়ুতন্ত্র (Nervous System) লিভার (Liver) ও হেমাটোপোয়েটিক সিস্টেম (Hematopoietic System) অর্থাৎ রক্তগঠন প্রক্রিয়াকে সক্রিয় করে। এটি দীর্ঘস্থায়ী শারীরিক ও মানসিক ক্লান্তি, অ্যানিমিয়া (Anemia) স্ট্রেসজনিত দুর্বলতা এবং ভিটামিন এ ও সি এর অভাবজনিত জটিলতায় বিশেষ কার্যকর। পিনালেক্স এর উপাদান গুলোর মধ্যে রয়েছে অশ্বগন্ধা মূল এতে প্রাকৃতিক অ্যাডোপটোজেনিক (Adaptogenic) গুন জোগায়, যা মানসিক চাপ কমিয়ে শক্তি ও স্মৃতিশক্তি বাড়ায়। দ্রাক্ষা ও অর্জুন ছাল রক্ত সঞ্চালন ও কার্ডিয়াক ফাংশন (Cardiac Function) উন্নত করে, আর শ্বেত চন্দন লিভার ও পাচনতন্ত্রে স্নিগ্ধতা ও প্রশান্তি আনে। সার্বিকভাবে ভীমরস এক অনন্য রিস্টোরেটিভ টনি (Restorative Tonic) যা শরীরের ভেতর থেকে শক্তি ফিরিয়ে এনে স্মৃতিশক্তি ও জীবনীশক্তি পুনরুজ্জীবিত করে।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)- অশ্বগন্ধা মূল (Withania Somnifera Root) ০.২২ গ্রাম, দ্রাক্ষা/কিচমিচ (Vitis Vinifera) ০.২২ গ্রাম, অর্জুন ছাল (Terminalia Arjuna) ৪৩.৫৫ গ্রাম, শ্বেত চন্দন (Santalum Album) ৪৩.৫৫ গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা
- স্নায়বিক দুর্বলতা
- পাকস্থলী ও লিভারের দুর্বলতা
- রক্তস্বল্পতা
- সাধারণ দুর্বলতা
- ভিটামিন এ ও সি অভাবজনীত রোগ
- মানসিক বিষণ্নতা

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৪ চা-চামচ ঔষধ সমপরিমাণ পানিসহ দিনে ২-৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১-২ (৬-১২ বছর) চা-চামচ দিনে ২ বার আহারের পর পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা ভীমরস এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে পেট ফাঁপা, ঘুম ঘুম ভাব, বমি বমি ভাব পরিলক্ষিত হতে পারে।



সতর্কতা
হৃদরোগ, ডায়াবেটিস, গর্ভকালীন ও দুগ্ধদানকালীন রোগীদের ব্যবহারে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায় শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

ভিগাপেপ
অরবিন্দাসব

শিশুর শারীরিক ও মানসিক বিকাশে কার্যকরী

Vigapep
Aravindasav

সিরাপ

বর্ণনা
ভিগাপেপ (অরবিন্দাসব) হলো একটি বিশেষ কার্যকরী আয়ুর্বেদিক ফর্মূলা, যা শিশুর জন্ম পরবর্তী দুর্বলতা, অরুচি, কৃমি, হজমের সমস্যা, মানসিক ক্লান্তি ও ধীর বিকাশের মতো জটিল বিষয়গুলোকে প্রাকৃতিক ভাবে দূর করে, শিশুর দেহ, মন ও বুদ্ধির সমন্বিত বিকাশ নিশ্চিত করে। ভিগাপেপ শিশুদের নির্দিষ্ট এক মহৌষধি রস, যা শিশুর দেহে প্রাকৃতিক বল জাগিয়ে তুলে, হজমে সহায়তা করে এবং মানসিক বিকাশে প্রেরণা দেয়। আয়ুর্বেদ অনুসারে শিশুর শরীরে পাচকাগ্নি অর্থাৎ হজম শক্তি দুর্বল থাকলে তার দেহে পুষ্টি সঠিকভাবে হয় না। ফলে দেখা দেয় দুর্বলতা, অরুচি ও বৃদ্ধি ব্যাহত হওয়ার মতো সমস্যা। ভিগাপেপ (অরবিন্দাসব) এই পাচকাগ্নিকে জাগ্রত করে, দেহে রসধাতু (শক্তির রস) বৃদ্ধি করে এবং শিশুর দেহে প্রাণশক্তি (ওজস) বাড়ায়। আধুনিক বৈজ্ঞানিক বিশ্লেষণেও দেখা গেছে, ভিগাপেপে থাকা উপাদানগুলো যেমন অরবিন্দ, বেনামূল, গাম্ভারী ও নীলোৎপল, মঞ্জিলা এরা একত্রে শিশুর ডাইজেস্টিভ এনজাইম সক্রিয় করে, লিভারের কর্মক্ষমতা উন্নত করে। ফলে শিশুর খাবারের রুচি বাড়ে, দেহে ওজন ও পেশি গঠন উন্নত হয় এবং মনোযোগ ও স্মৃতিশক্তি বৃদ্ধি পায়।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)-অরবিন্দ (রক্তোৎপল) (Nymphaea Nouchali) ১৫.৭৩ মি. গ্রাম, বেনামূল (Vetiveria Zizanioides) ১৫.৭৩ মি. গ্রাম, গাম্ভারী (Gmelina arborea) ১৫.৭৩ মি. গ্রাম, নীলুৎফল (Nymphaea Stellata) ১৫.৭৩ মি. গ্রাম, মঞ্জিষ্ঠা (Rubia Cordifolia) ১৫.৭৩ মি. গ্রা. এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা
- শিশুর শারীরিক বৃদ্ধি
- শিশুর অরুচি রোধ করে
- কৃমি
- পুতনারোগ (রিকেট) প্রশমক
- মানসিক বিকাশ
- শিশুর গ্রহণি
- অজীর্ণ
- বল ও পুষ্টি বর্ধক

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৩ চা-চামচ ঔষধ দৈনিক ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১ চা-চামচ ঔষধ দৈনিক ২ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা অরবিন্দাসব-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে কিছু প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে পেট ফাঁপা, পাতলা পায়খানা হতে পারে।

সতর্কতা
অ্যালার্জি প্রবণ শিশু, ডায়রিয়া জনিত শিশুদের ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

প্রি-কফ
দ্রাক্ষারিষ্ট

শ্বাস কষ্ট ও কাশিতে কার্যকরী সিরাপ

Pre-Cough
Draksharista

সিরাপ

বর্ণনা
প্রি-কফ (দ্রাক্ষারিষ্ট) একটি সুপরিচিত আয়ূর্বেদিক তরল ঔষধ, যা শ্বাসযন্ত্রের নানা সমস্যায় উপকারী। এটি বিশেষ ভাবে কার্যকর কাশি, সর্দি, গলা ব্যথা, কণ্ঠরোধ, হাঁপানি এবং শ্বাসকষ্ট এর মতো সমস্যায়। এর প্রধান উপাদান দ্রাক্ষা (কিচমিচ) বিদ্যমান ফলিকএসিড, ফোটিএসিড, স্টেরডিয়াল, মেলভিডিন এ্যালকালয়েড থাকায় পুরাতন ব্রাংকাইটিস, ক্ষয়রোগ ও শ্বাস প্রশ্বাস জনিত অসুবিধা সমূহ দূর করতে সক্ষম। আরো রয়েছে পিপুল বীজ যাতে পিপারটিন এবং হেমাটিনিক এ্যালকালয়েড থাকায় পুরাতন কফ ও শ্বাসতন্ত্রের জটিলতায় কার্যকর।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - দ্রাক্ষা বা কিচমিচ (Vitis Vinifera) ০.৬৫ গ্রাম, এলাচ বীজ (Elettaria Cardamomum) ১৪.২৯ মি. গ্রাম, পিপুল বীজ (Piper longum) ১৪.২৯ মি. গ্রাম, ধাতকী (Woodfordia Fruticosa) ১৪.২৯ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা
- ক্ষয়রোগ
- কাশ হাঁপানী
- ধূমপান জনিত কাশি
- শ্বাস
- গলারোগ

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৩ চা-চামচ ঔষধ দৈনিক ৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১-২ চা-চামচ ঔষধ দৈনিক ৩ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা দ্রাক্ষারিষ্ট-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে অম্লতা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন ও দুগ্ধদানকালীন এবং ডায়াবেটিস রোগীদের রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

প্রাপ্তি জিন
দশমুলারিষ্ট

ভিটামিন বি ও জিংক সম্মিলিত সিরাপ

Prapti zin
Dasamularista

সিরাপ

বর্ণনা
প্রাপ্তি জিন (দশমুলারিষ্ট) এটি একটি ঐতিহ্যবাহী আয়ূর্বেদিক টনিক, যা বিভিন্ন স্বাস্থ্যগত উদ্বেগের জন্য ভেষজ উপাদানের অনেকগুলো শক্তিশালী মিশ্রণ দিয়ে তৈরি। এই ফর্মূলেশনটি বিশেষভাবে উপকারী সন্তান প্রসবের পর মাতৃশক্তি বৃদ্ধি এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করতে সাহায্য করে। এটি মূল ভেষজ উপাদান গুলোকে একত্রিত করে যা প্রসব-পরবর্তী মা-দের জন্য উপকারী। হজম, প্রদাহ-বিরোধী এবং শ্বাসনালি-বিরোধী বৈশিষ্ট্য, হজমে সহায়তা করে এবং সামগ্রিক সুস্থতা বৃদ্ধি করে।
প্রাপ্তি জিন (দশমুলারিষ্ট) উপশম করতে সাহায্য করে কটিদেশে ব্যথা, দুর্বলতা এবং হজমের সমস্যা, এটি প্রাণশক্তি বৃদ্ধির জন্য একটি চমৎকার চিকিৎসা হতে পারে।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)- বিল্ব মূলত্বক (Bilwa Root Extract) ২৮.৫৮ মি. গ্রা, শ্যোনা মূলত্বক (Shyonaka Root Rxtract) ২৮.৫৮ মি. গ্রা, গাম্বারী মূলত্বক (Gambhari Root Rxtract) ২৮.৫৮ মি. গ্রা, পারুল মূলত্বক (Parul Root Extract) ২৮.৫৮ মি. গ্রা, চাকুলে মূল (Chakolya Root) ২৮.৫৮ মি. গ্রা, বৃহতী মূল (Solanum Indicum Linn) ২৮.৫৮ মি. গ্রা, কন্টকারী মূল (Kantakari root) ২৮.৫৮ মি. গ্রা, গোক্ষুর বীজ (Gokshura Seeds) ২৮.৫৮ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা
- প্রসব পরবর্তী সমস্যাসমূহ
- স্তন্যদানকারী মায়ের দুগ্ধ স্বল্পতা
- পুষ্টি ঘাটতি
- সাধারণ দুর্বলতা
- পাকস্থলী ও যকৃতের দুর্বলতা
- ভিটামিনের অভাব

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৩ চা-চামচ ঔষধ দৈনিক ২-৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১-২ চা-চামচ ঔষধ দৈনিক ১-২ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
কোনো প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা
গর্ভাবস্থায় সেবন নিষিদ্ধ।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

প্রিভাইটাল
সঞ্জীবনী রসায়ন

শুক্র বর্ধক, বলবর্ধক, নার্ভ টনিক অ্যান্ড স্টিমোলেন্ট সিরাপ

Prevital
Sanjivani Rasayan

সিরাপ

বর্ণনা
প্রিভাইটাল (সঞ্জীবনী রসায়ন) হল কিছু কার্যকর ভেষজের সংমিশ্রণ যার অ্যান্টি অক্সিডেন্ট, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিকারী, পুনরুজ্জীবিতকারী, উদ্বেগ-প্রতিরোধী, অ্যান্টি ডিপ্রেসেন্ট এবং পুষ্টিকর বৈশিষ্ট্য রয়েছে। এটি শারীরিক দুর্বলতা, মানসিক দুর্বলতা, স্নায়বিক ক্লান্তি ইত্যাদি মোকাবেলায় ব্যবহৃত হয়। এটি বার্ধক্যজনিত দুর্বলতার ক্ষেত্রে খুবই কার্যকর। এটি পুরুষ ও মহিলা উভয়ের জন্য ব্যবহৃত হয়।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)-অশ্বগন্ধা -০.২১ গ্রাম, আলকুশী-০.২১ গ্রাম, বলা-০.২১ গ্রাম, দ্রাক্ষা-০.২১ গ্রাম, শতাবরী-০.২১ গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা
- বল বর্ধক
- অনিদ্রা প্রশমক
- বাজীকরণ
- মস্তিষ্ক স্নায়ুর শক্তি বর্ধক
- শুক্র বর্ধক
- পরম রসায়ন

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ১০-২০ মি. লি. সমপরিমাণ পানিসহ দৈনিক ২ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা সঞ্জীবনী রসায়ন-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া প রিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে কদাচিৎ পরিপাকতন্ত্রের সমস্যা যেমন-বমি-বমিভাব, রক্তচাপ ও চুলকানি,ফুসকুড়ি বা ত্বকে অ্যালার্জি পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন ও দুগ্ধদানকালীন ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

পেনাভিট
আমলকী রসায়ন

অম্লনাশক ও ভিটামিন এ টু জেড সমগোত্রীয়

Panavit
Amalaki Rasayan

সিরাপ

বর্ণনা
পেনাভিট (আমলকী রসায়ন) একটি প্রাকৃতিক ভিটামিন-সি সমৃদ্ধ সিরাপ, যা বিশেষ মান নিয়ন্ত্রণের মাধ্যমে কাঁচা আমলকীর নির্যাস দ্বারা প্রস্তুত। পেনাভিট (আমলকী রসায়ন) শারীরিক সুস্থতায় অত্যন্ত কার্যকরী একটি সিরাপ, যা আমলকীর রস, পিপুল এবং মধু দিয়ে তৈরি একটি বিশেষ ফর্মূলেশন এবং সম্পূর্ণ ভেষজ ঔষধ যা হাইপার এসিডিটি, অরুচি, পেট ফাঁপা, বদহজম, হৃদ্‌রোগ, এবং অম্লাধিক্য রোগের চিকিৎসায় বিশেষ কার্যকরী।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)-কাঁচা আমলকীর রস (Emblica Officinalis)-৩.০৩ মিলি, পিপুল (Piper longum) - ০.১২ গ্রাম, মধু (Honey) - ০.৩৬ গ্রাম, চিনি (Sugar) - ৩.০৩ গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা
- অম্লাধিক্য
- পেট ফাঁপা
- বদহজম
- বলবর্ধক
- গলা-বুক জ্বালা
- অরুচি
- হৃদরোগ

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৩ চা-চামচ ঔষধ সমপরিমাণ পানিসহ দিনে ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১-২ চা-চামচ দিনে ২ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
কোনো প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা
নির্দিষ্ট মাত্রায় ঔষধটি সেবন করতে হবে।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

রেক্সোরিষ্ট
অশ্বগন্ধারিষ্ট

শুক্র বর্ধক ও পুষ্টিকারক সিরাপ

Rexorist
Aswagandharista

সিরাপ

বর্ণনা
রেক্সোরিষ্ট (অশ্বগন্ধারিষ্ট) হলো একটি শক্তিবর্ধক আয়ূর্বেদিক অ্যাডাপ্টোজনিক ফর্মূলেশন (Ayurvedic Adaptogenic Formulation), যা শরীরের নিউরো-মাসকুলার (Neuromuscular) ও রিপ্রোডাক্টিভ সিস্টেম (Reproductive System) পুনরুজ্জীবিত করে। এতে থাকা Withania Somnifera দেহে হোমিওস্টেসিস (Homeostasis) বজায় রেখে নিউরোপ্রোটেকটিভ (Neuroprotective) ও ইমিউনোমোডুলেটরি (Immunomodulator) প্রভাব সৃষ্টি করে। এটি সেক্সুচুয়াল ডেবিলিটি (Sexual Debility) ইনফার্টিলিটি (Infertility) নিউরাসথেনিয়া (Neurasthenia), বিষণ্নতা (Depression), বাতরোগ (Arthritis) ও প্যারালাইসিস (Paralysis)-এ অত্যন্ত ফলপ্রদ। এর অ্যান্টিঅক্সিডেন্ট (Antioxidant) ও অ্যানাবলিক (Anabolic) প্রভাবে দেহে ভাইটালিটি (Vitality) শক্তি (Energy) ও সাইকোলজিক্যাল স্ট্যাবিলিটি (Psychological stability) উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)- অশ্বগন্ধা (Withania Somnifera) ০.৩৭ গ্রাম, মূষলী (Asparagus Adscendens) ০.১৫ গ্রাম, মঞ্জিষ্ঠা (Rubia Cordifolia) ৭৪.৯৪ মি. গ্রাম, হরীতকী(Terminalia Chebula) ৭৪.৯৪ মি. গ্রাম, হরিদ্রা (Curcuma Longa) ৭৪.৯৪ মি. গ্রাম, রাস্না (Vanda Roxburghii) ৭৪.৯৪ মি. গ্রাম, অর্জুন ছাল (Leea Indica) ৭৪.৯৪ মি. গ্রাম, যষ্টিমধু (Glycyrrhiza Glabra) ৭৪.৯৪ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা
- পুষ্টিকারক
- শুক্রবর্ধক
- মূর্ছা
- বন্ধ্যাত্ব
- বলকর
- বাজীকরণ
- বিষণ্নতা
- মানসিক রোগ

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৩ টেবিল চামচ ঔষধ প্রত্যহ ২ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা অশ্বগন্ধারিষ্ট-এর প্রতি যারা অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিমাত্রায় সেবনে পেট ফাঁপা, বমি বমি ভাব, পাতলা পায়খানা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন ও দুগ্ধদানকালীন ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

প্রাপ্তিসিড
ফলারিষ্ট

বায়ুনাশক ও অম্লতা প্রশমক

Prapticid
Phalarista

সিরাপ

বর্ণনা
প্রাপ্তিসিড (ফলারিষ্ট) একটি প্রাচীন আয়ূর্বেদিক ঔষধ, যা বিশেষভাবে পাকস্থলী ও হজমসংক্রান্ত সমস্যা দূর করার জন্য প্রমাণিত। প্রাচীন যুগ থেকে এটি হজম শক্তি বৃদ্ধিতে, গ্যাস ও পেটফাঁপা কমাতে, মলের বৃদ্ধিতে সহায়ক এবং পেটের নানা অস্বস্থি উপশমে ব্যবহৃত হয়ে আসছে। শরীরের অগ্নি শক্তি (Digestive Fire) দুর্বল হলে হজমের সমস্যা, অজীর্ণ, বাত ও পেট ফাঁপা দেখা দেয়। প্রাপ্তিসিড (ফলারিষ্টে) এর বিশেষ মিশ্রণ এই অগ্নি শক্তি সক্রিয় রাখে এবং খাদ্য সহজে হজম করতে সাহায্য করে। এছাড়াও প্রাপ্তিসিড দেহের প্লীহা ও লিভারের কার্যকারিতা বৃদ্ধি করে। এটি দেহের বাত ও জন্ডিস নিবারণে সাহায্য করে, ফলে অর্শ, গ্রহণী ও কোষ্ঠকাঠিন্যজনিত সমস্যা কমায়। প্রাকৃতিক উপাদানগুলির সংমিশ্রণ শিশুর বিকাশ ও বৃদ্ধিবর্ধনের জন্য উপকারী। প্রাপ্তিসিড (ফলারিষ্ট) শুধুমাত্র হজমজনিত সমস্যাই সমাধান করে না, এটি শরীরের অভ্যন্তরীণ ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে। নিয়মিত প্রাপ্তিসিড সেবনে পেটের অস্বস্থি, বায়ুর আবির্ভাব এবং উদাবর্তের সমস্যা কমে, ফলে দেহ ও মন উভয়ই সতেজ ও সজীব থাকে।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - হরীতকী (Terminalia Chebula) ০.৪৩ গ্রাম, আমলকী (Emblica Officinalis) ০.৪৩ গ্রাম, ইন্দ্রাবারুণী (Citrullus Colocynthis) ৩৪.৪৮ মি. গ্রাম, কয়েতবেল (Feronia Elephantum) ৩৪.৪৮ মি. গ্রাম, পাঠা (Stephania Hernandifolia) ৩৪.৪৮ মি. গ্রাম, চিত্রক (Plumbago zeylanica) ৩৪.৪৮ মি. গ্রাম, গুড় (Molasses) ০.৪০ গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা
- হজমকারক
- অর্শ গ্রহণি
- বায়ুপ্রবাহের ব্যাঘাত
- প্লীহা রোগ
- পেটফাঁপা নিবারক
- মলের বিবদ্ধতা
- অগ্নিমান্দ্য
- কামলা ও বায়ুর বিবদ্ধতা

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৩ চা-চামচ ঔষধ দৈনিক ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১ চা-চামচ ঔষধ দৈনিক ২ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা ফলারিষ্ট এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে অজীর্ণ বা হজমের সমস্যা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন ও দুগ্ধদানকালীন ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে একজন রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

পিনাফী
সারিবাদ্যসব

সকল প্রকার চর্মরোগে কার্যকর

Pinafi
Saribadyasav

সিরাপ

বর্ণনা
পিনাফী (সারিবাদ্যসব) একটি প্রাচীন আয়ুর্বেদিক ঔষধ যা বিশেষভাবে চর্মরোগ, রক্তদোষ, ও দেহের রক্ত পরিশোধক হিসেবে পরিচিত। পিনাফী (সারিবাদ্যসব) রক্তকে পরিশোধন করে ত্বকের প্রদাহ ও চুলকানি কমায়, দাগ ও ফুসকুড়ি দূর করে ত্বককে করে নির্মল ও দীপ্তিময়। পিনাফি (সারিবাদ্যসব) এ থাকা উপাদান গুলোর মাঝে গুড়চি, মোস্তক ও রক্তচন্দন শরীরের রক্ত থেকে অম্ল ও বিষাক্ত পদার্থ বের করে দেয়। আর আমলকী ও চন্দনদ্বয় ত্বকের কোষে অ্যান্টিঅক্সিডেন্ট সরবরাহ করে, ফলে কোষের পুনর্জন্ম ত্বরান্বিত করে এবং উশীর ও আকনাদি শরীর ঠান্ডা রাখে ও অ্যালার্জিজনিত জ্বালা উপশম করে।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - মুস্তক (Stephania Japonica Linn) ২৭.০৭ মি. গ্রা., আকনাদি (Emblica Officinalis) ২৭.০৭ মি. গ্রা., আমলকী (Tinospora Cordifolia) ২৭.০৭ মি. গ্রা. গুড়চী (Plumbago) ২৭.০৭ মি. গ্রা., উশীর (Santalum Album) ২৭.০৭ মি. গ্রা., শ্বেতচন্দন (Pterocarpus Santalinus) ২৭.০৭ মি. গ্রা., রক্তচন্দন (Cyperus Rotundus) ২৭.০৭ মি. গ্রা. এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা
- প্রমেহ
- পিড়কা
- রক্তপরিস্কারক
- উপদংশ
- বাতরক্ত ও ভগন্দর
- হজম শক্তি বৃদ্ধি
- ব্রণ, ফোঁড়া ও ফুসকুড়ি
- বিবর্ণতা, চুলকানি ও খুজলি-পাঁচড়া

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৪ চা-চামচ ঔষধ দৈনিক ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১-২ চা-চামচ ঔষধ দৈনিক ২ বার আহারের পর সেব্য। অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা সারিবাদ্যসব এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে পেট ফাঁপা বা গ্যাস পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
শিশু,গর্ভকালীন ও দুগ্ধদানকালীন রোগীদের ক্ষেত্রে রেজিঃ চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায় শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

প্রাপ্তি-কার্ড
অর্জুনারিষ্ট

হৃদরোগে কার্যকরী সিরাপ

Prapti-Card
Arjunarista

সিরাপ

বর্ণনা
প্রাপ্তি-কার্ড (অর্জুনারিষ্ট) একটি শক্তিশালী এবং ঐতিহ্যবাহী আয়ূর্বেদিক ঔষধ, যা বিশেষত হৃৎপিণ্ড এবং শ্বাসতন্ত্রের সুস্বাস্থ্যের জন্য তৈরি করা হয়েছে। এটি কার্ডিয়াক ডিসঅর্ডার, শ্বাসকষ্ট, বুক ধরফড়ানো (Palpitation) এবং শারীরিক দুর্বলতার মতো সমস্যা সমাধানে অত্যন্ত কার্যকর। অর্জুন গাছের নির্যাস থেকে তৈরি এই ঔষধটি আপনার হৃৎপিণ্ডকে শক্তিশালী করে এবং একটি সুস্থ জীবনযাপনের জন্য প্রয়োজনীয় শক্তি প্রদান করে। প্রাপ্তি-কার্ড (অর্জুনারিষ্ট) এর কয়েকটি সক্রিয় উপাদান যেমন: অর্জুন ছাল, দ্রাক্ষা, মৌলফুল ও ধাইফুল-এর সমন্বয়ে তৈরি একটি আয়ূর্বেদিক ঔষধ।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - অর্জুন ছাল (Terminalia Arjuna) ২.০৮ গ্রাম, দ্রাক্ষা (Vitis Vinifera) ১.০৪ গ্রাম, মৌলফুল (Madhuca Indica) ০.৪২ গ্রাম, ধাইফুল (Woodfordia Fruticosa) ০.৪২ গ্রাম, গুড় (Molasses) ২.৮০ গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা
- হৃদরোগ
- শ্বাসকষ্ট
- হৃৎকম্প
- ইসকেমিক হার্ড ডিজিজ
- শারীরিক দুর্বলতা

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৩ টেবিল চামচ ঔষধ প্রত্যহ ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১-২ টেবিল চামচ ঔষধ প্রত্যহ ২ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা অর্জুনারিষ্ট এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে গ্যাস্ট্রোইনটেস্টাইনাল ব্যাঘাত যেমন : বমি বমি ভাব, বমি বা ডায়রিয়া হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন ও দুগ্ধদানকালীন ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে অবশ্যই একজন রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো ও ঠান্ডা জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

প্রাপ্তি-এইচ
রোহিতকারিষ্ট

জন্ডিস ও লিভারের সকল প্রকার গোলযোগে কার্যকর

Prapti-H
Rohitakarista

সিরাপ

বর্ণনা
প্রাপ্তি-এইচ (রোহিতকারিষ্ট) প্রাকৃতিক উপাদানের সমন্বয়ে প্রস্তুত যা লিভারের শক্তি ও কার্যক্ষমতা বৃদ্ধি করে এবং পাকস্থলী ও লিভারের কার্যক্রমের মধ্যে চমৎকার সমন্বয় সাধন করে। ইহা হেপাটাইটিস, জন্ডিস, লিভার ও প্লীহা বৃদ্ধি, শোথ, পেটের গোলযোগ দূর করে এবং মুখে রুচি বৃদ্ধি করে। জন্ডিস, কোষ্ঠকাঠিন্য, বদহজম, লিভারের যে কোনো গোলযোগ, অরুচি এবং প্লীহা এই সমস্ত রোগের জন্য প্রাপ্তি-এইচ (রোহিতকারিষ্ট) হতে পারে কার্যকরী চিকিৎসা।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)- রোহিতক (Aphanamixis Polystachya) ১.৫২ গ্রাম, ধাতকী (Woodfordia Fruticosa) ০.২৪ গ্রাম, পিপুল বীজ (Piper Longum Seed) ১৫.২৪ মি. গ্রাম, পিপুল মূল (Piper Longum Root) ১৫.২৪ মি. গ্রাম, শুণ্ঠি (Zingiber Officinale) ১৫.২৪ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা
- জন্ডিস
- কোষ্ঠকাঠিন্য
- বদহজম
- লিভারের যে কোনো গোলযোগ
- অরুচি
- প্লীহা

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : ২-৩ চা-চামচ ঔষধ দৈনিক ৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) দৈনিক ১-২ চা-চামচ ঔষধ দৈনিক ৩ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
কোনো প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।



প্রিকোরি-পি

অশোকারিষ্ট

অনিয়মিত মাসিক ও বিবিধ বর্ণের স্রাব প্রশমক ও স্ত্রী রোগ নিরাময়ে প্রাকৃতিক ঔষধ

Precori-P

Ashokarista

সিরাপ

বর্ণনা

প্রিকোরি-পি মহিলাদের রক্তপ্রদর বা অতিরজঃ ও জরায়ুর দুর্বলতায় সাফল্যজনকভাবে ব্যবহৃত হয়ে আসছে। ইহা রক্তস্রাবজনিত শোথ ও ক্ষুধামান্দ্য দূর করে এবং মুখের রুচি আনয়ন করে। প্রিকোরি-পি রক্তদূষণ ও জ্বর নিরাময়ে অত্যন্ত কার্যকরী।

উপাদান

প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে) - অশোক ছাল (Saraca indica) ১.৫২ গ্রাম, দারুহরিদ্রা (Berberis aristata) ১৫.১৫ মি. গ্রাম, ধাতকী (Woodfordia fruticosa) ০.২৪ গ্রাম, মুস্তক (Cyperus rotundus) ১৫.১৫ মি. গ্রাম, শুণ্ঠী (Zingiber) ১৫.১৫ মি. গ্রাম, রক্তোৎপল (Nymphaea rubra) ১৫.১৫ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- শ্বেত প্রদর
- অনিয়মিত মাসিক
- রক্তস্রাবজনিত শোথ
- বিবিধ বর্ণের স্রাব
- জরায়ুশূল
- রক্তপ্রদর

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক ঃ ২-৪ চা-চামচ দিনে ২-৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক ঃ** (৬-১২ বছর) ১-২ চা-চামচ দিনে ২ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

গর্ভাবস্থায় সেবন নিষিদ্ধ।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা

সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।

পরিবেশনা

পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

ইউরোপ্রাপ্তি
চন্দনাসব

জ্বরনাশক, কিডনি ও মূত্রথলির সুরক্ষায় কার্যকর

Uroprapti
Chandanasav

সিরাপ

বর্ণনা
ইউরোপ্রাপ্তি (চন্দনাসব) হলো একটি প্রাচীন আয়ূর্বেদিক তরল ঔষধ, যা প্রধানত শীতল প্রদাহনাশক এবং মূত্রবর্ধক গুনে পরিচিত। এটি মূলত চন্দন (Santalum Album) ও বিভিন্ন ভেষজ উপাদান দিয়ে প্রস্তুত করা হয়। গ্রীষ্মজনিত জ্বর, পিত্ত দোষ, মূত্র-পথের জ্বালা ও দুর্বলতার মতো অসুখে এটি বিশেষভাবে কার্যকর। ইউরোপ্রাপ্তি সকল প্রকার মূত্র রোগের কার্যকরী ঔষধ, যাহা মেহ রোগ জনিত মূত্র রোধ, বেদনা সহ মূত্র কৃচ্ছতা, শুক্রমেহ অত্যন্ত কার্যকর। ইউরোপ্রাপ্তি প্রস্রাব নালির ক্ষতসমূহ (U.T.I) সহ প্রস্রাব নালীতে জ্বালা যন্ত্রণা নিবারনে অত্যন্ত কার্যকর।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)- শ্বেত চন্দন (Santalam Album) ৮.২৬ মি. গ্রাম, রক্ত চন্দন (Pterocarpus Santalinus) ৮.২৬ মি. গ্রাম, বালা মূল (Pavonia Odorata) ৮.২৬ মি. গ্রাম, আকনাদি (Symplocos Racemosa) ৮.২৬ মি. গ্রাম, এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা
- বৃক্ক ও মূত্রথলির রোগ
- মূত্রবদ্ধতা
- জ্বর
- বল পুষ্টিকর হৃদ্য
- শুক্রমেহ প্রশমক
- হজমীকারক

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক ঃ ২-৪ চা-চামচ ঔষধ দিনে ৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক ঃ** (৬-১২ বছর) দৈনিক ১-২ চা-চামচ ঔষধ দিনে ২ বার সমপরিমাণ পানিসহ আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা চন্দনাসব এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে পেট ঠান্ডা বা হজমে সমস্যা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন ও দুগ্ধদানকালীন এবং ডায়াবেটিস রোগীদের রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।



প্রাপ্তি-এম
উপশম

উচ্চ ক্ষমতাসম্পন্ন মাল্টিভিটামিন ও মাল্টিমিনারেল

Prapti-M
Upasam

সিরাপ

বর্ণনা
প্রাপ্তি-এম (উপশম) একটি উৎকৃষ্ট ভেষজ আয়ূর্বেদিক টনিক যা শরীরের সার্বিক দুর্বলতা ও পুষ্টিহীনতা দূর করে। প্রাপ্তি-এম (উপশম) শরীরের প্রতিটি অঙ্গপ্রত্যঙ্গের পর্যাপ্ত শক্তি পুষ্টি ও প্রাণশক্তি জোগায় এবং রোগপ্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। মানসিক ক্লান্তি, স্ট্রেস বা স্নায়বিক দুর্বলতা দূর করে মস্তিষ্ককে সতেজ রাখতে এবং মনোযোগ, স্মৃতিশক্তি বৃদ্ধিতে প্রাপ্তি-এম (উপশম) অধিক কার্যকর। প্রাপ্তি-এম ভিটামিন ও খনিজের ঘাটতি পূরণ করে। প্রাপ্তি-এম (উপশম) রক্তে হিমোগ্লোবিনের মাত্রা বৃদ্ধি করে শরীরে অক্সিজেন সরবরাহ বৃদ্ধি করে। প্রাপ্তি-এম (উপশম) হলো সম্পূর্ণ প্রাকৃতিক ও ভেষজ স্বাস্থ্য টনিক যা শুধু শরীরের দুর্বলতা দূর করে না, বরং সার্বিক প্রাণশক্তি রক্তসঞ্চালন ও মানসিক সতেজতা ফিরিয়ে আনে। এটি নিয়মিত সেবনে শরীরকে করে উদ্যম, মনকে করে প্রশান্তি আর জীবনে ফিরিয়ে আনে ভারসাম্য।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)- দশমূল মিলিত (Mixed Doshomul) -০.২২ গ্রাম আমলকি (Emblica Officinalis) -২১.৯৩ মি. গ্রাম, চিত্রক (Plumbago Zeylanica) -২১.৯৩ মি. গ্রাম, হরিতকী (Terminalia Chebula)-২১.৯৩ মি. গ্রাম, দেবদারু (Cedrus Deodara) -২১.৯৩ মি. গ্রাম, খদির (Acacia Catechu)-২১.৯৩ মি. গ্রাম, কুষ্ঠ (কুড়) (Saussurea lappa)-২১.৯৩ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা
- সাধারণ দুর্বলতা
- প্রসবের পরের দুর্বলতা
- বাচ্চা ও বয়স্কদের ক্ষুধামন্দা
- পুষ্টিহীনতা রক্ত স্বল্পতা
- স্নায়বিক দুর্বলতা
- রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক ঃ ২-৩ চা-চামচ ঔষধ প্রতিদিন ১-২ বার, **অপ্রাপ্ত বয়স্ক ঃ** (৬-১২ বছর) ১-২ চা চামচ ঔষধ প্রতিদিন ১-২ বার, আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা উপশম এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে কিছু প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কেনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে বমি, বমিভাব, পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন ও দুগ্ধদানকালীন মহিলাদের ক্ষেত্রে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায় শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

ডায়া-প্লাস
জাম্বাদ্যরিষ্ট

ডায়াবেটিস আরোগ্য কারক ও প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে

Dia Plus
Jambadyarista

সিরাপ

বর্ণনা
ডায়া-প্লাস (জাম্বাদ্যারিষ্ট) একটি প্রাচীন আয়ূর্বেদিক ঔষধ, যা ডায়াবেটিস, মধুমেহ ও বহুমূত্র প্রশমনে বিশেষভাবে কার্যকর। এতে ব্যবহৃত পক্কজমধু ফলের রস রক্তের গ্লুকোজ নিয়ন্ত্রণে সহায়ক, জাম বীজ অগ্ন্যাশয়ের কার্যক্ষমতা বৃদ্ধি করে ইনসুলিন নিঃসরণে ভূমিকা রাখে। মন্ডুকপর্ণী স্নায়ু ও মানসিক দুর্বলতা কমায়, বিম্বি পরিপাকতন্ত্রকে শক্তিশালী করে রক্তে শর্করা সুষম রাখতে সাহায্য করে। নাগেশ্বর হৃদযন্ত্রকে শক্তিশালী করে বিভিন্ন হৃদরোগের ঝুঁকি কমায়। মধু দেহে শক্তি জোগায় এবং উপাদানগুলোর শোষণ বৃদ্ধি করে, আর উদুম্বর (যজ্ঞডুমুর) প্রস্রাবের অস্বাভাবিকতা কমিয়ে দেহের উষ্ণতা নিয়ন্ত্রণ করে। এই উপাদান গুলোর সম্মিলিত প্রভাবে ডায়া-প্লাস (জাম্বাদ্যারিষ্ট) দেহের দুর্বলতা হ্রাস, হৃদস্বাস্থ্য শক্তিশালী করে, রক্তসঞ্চালন স্বাভাবিককরণ এবং সামগ্রিক রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে সহায়ক হয়ে প্রাকৃতিক সুস্থতা ফিরিয়ে আনে।

উপাদান
প্রতিটি ক্যাপসুলে আছে - পক্কজমধু ফলের রস (Syzygium Cumini) ৪.৭৯ মি. গ্রাম, জাম বীজ (Syzygium Cumini) ০.১৯ মি. গ্রাম, মন্ডুকপর্ণী (Centella Asiatica) ০.১৯ মি. গ্রাম, বিম্বি (Coccinia Indica) ০.১৯ মি. গ্রাম, নাগেশ্বর (Mesua Ferrea) ০.১৯ মি. গ্রাম, মধু (Honey Apis Mellifera) ০.৪৮ মি. গ্রাম, উদুম্বর (যজ্ঞডুমুর) (Ficus Racemosa) ০.১৯ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা
- ডায়াবেটিস
- মধুমেহ
- বহুমূত্র প্রশমক
- অগ্ন্যাশয়ের কার্যক্ষমতা বৃদ্ধি করে
- প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি
- শারীরিক দুর্বলতা প্রশমক

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : দৈনিক ২-৪ চা চামচ ২-৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) দৈনিক ১-২ চা চামচ ২ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা জাম্বাদ্যরিষ্ট-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে রক্তের শর্করা কমে যাওয়া, শরীর দুর্বলরতা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভবতী ও স্তন্যদানরত মহিলাদের ব্যবহারে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।

বেন-টেক্স
মুস্তকাদি ক্বাথ

সকল প্রকার কৃমিনাশক

Ben-Tex
Mustakadi kwath

সিরাপ

বর্ণনা
বেন-টেক্স (মুস্তকাদি ক্বাথ) হলো প্রাচীন আয়ুর্বেদিক ঔষধ, যা প্রধানত কৃমিনাশক এবং হজমশক্তি বৃদ্ধি করার জন্য ব্যবহৃত হয়। এটি স্বাভাবিকভাবে দেহ থেকে অন্তঃকৃমি ও বাহ্যিক কৃমি দূর করে, হজম প্রক্রিয়াকে শক্তিশালী করে, এবং অন্ত্রের স্বাস্থ্য রক্ষা করে। এটি শিশু থেকে বৃদ্ধ সকলের জন্য নিরাপদ ভাবে ব্যবহার যোগ্য, বিশেষত হজম শক্তি দুর্বল বা অন্ত্র কৃমি সমস্যায় ভুগছে এমন ব্যক্তিদের জন্য।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে (নির্যাস আকারে)- ভাদলা মুথা (Cyperus rotundus) ০.২৫ গ্রাম, হরীতকী (Terminalia chebula) ০.২৫ গ্রাম, নিম (Azadirachta indica) ০.২৫ গ্রাম, পটল (Trichosanthes dioica) ০.২৫ গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা
- সকল প্রকার কৃমিনাশক।

সেবন বিধি
২-৩ বছর: আধা চা-চামচ, **৪-১২ বছর :** ১ চা-চামচ, **প্রাপ্ত বয়স্ক :** ২ চা-চামচ ১ বার, (প্রথম ডোজ) সাতদিন পর ২য় ডোজ সম্পন্ন করতে হবে। অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা মুস্তকাদি ক্বাথ-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে পেট ফাঁপা, পাতলা পায়খানা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা
গর্ভকালীন ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ৩০ মিলি সিরাপ।

রিফাভিট
অমৃতারিষ্ট

পুরাতন জ্বর প্রশমনে ও লিভার সুরক্ষায় কার্যকরী

Refavit
Amritarista

সিরাপ

বর্ণনা
রিফাভিট একটি বিখ্যাত আয়ুর্বেদিক তরল ঔষধ, যা জ্বর ও শরীরের ভেতরের অস্থিরতা দূর করতে বিশেষভাবে ব্যবহার হয়। এতে ব্যবহৃত অমৃত রোগ নাশক ও জ্বর প্রশমক হিসেবে দেহকে শীতল করে এবং দীর্ঘস্থায়ী জ্বরের পুনরাবৃত্তি কমায়। বিল্ব হজমশক্তি উন্নত করে জ্বরে সৃষ্ট গ্যাস-অম্লতা দূর করে। শ্যোনা ও গাম্ভারী দেহের তাপমাত্রা নিয়ন্ত্রণে সহায়ক হয়ে পুরাতন জ্বরের দুর্বলতা কাটায়। পারুল ও গণিয়ারী রক্ত শোধন করে এবং প্লীহা বৃদ্ধিজনিত অস্বস্তি কমায়। শালপর্ণী শরীরের প্রদাহ কমিয়ে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। চাকুলে ও বৃহতী দেহে জমে থাকা বিষাক্ত উপাদান বের করে যকৃতকে স্বাভাবিক করে। গোক্ষুর মূত্রবর্ধক প্রভাবের মাধ্যমে শরীরকে হালকা রাখে ও শক্তি পুনরুদ্ধার করে। সব মিলিয়ে অমৃতারিষ্ট জ্বর, প্লীহা বৃদ্ধি, যকৃতের কার্যকারিতায় ও দীর্ঘস্থায়ী দুর্বলতায় অত্যন্ত উপকারী।

উপাদান
প্রতি ৫ মিলি সিরাপে আছে-(নির্যাস আকারে) অমৃত (Tinospora Cordifolia)- ০.৮২ গ্রাম, বিল্ব (Aegle Marmelos) - ১৮.৯৪ মি. গ্রাম, শ্যোনা (Oroxylum Indicum) - ১৮.৯৪ মি. গ্রাম, গাম্ভারী (Gmelina Arborea) - ১৮.৯৪ মি. গ্রাম, পারুল (Stereospermum Suaveolens) - ১৮.৯৪ মি. গ্রাম, গনিয়ারী (Premna Integrifolia) - ১৮.৯৪ মি. গ্রাম, শালপর্নী (Desmodium Pulchellum) - ১৮.৯৪ মি.গ্রাম, চাকুলে (Uraria lagopodioides) - ১৮.৯৪ মি. গ্রাম, বৃহতী (Solanum Indicum) - ১৮.৯৪ মি. গ্রাম, গোক্ষুর (Tribulus Terrestris) - ১৮.৯৪ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা
❖ জ্বর প্রশমক, ❖ প্লীহা বৃদ্ধি নিবারক ❖ পুরাতন জ্বর প্রশমক ❖ যকৃৎ

সেবন বিধি
প্রাপ্ত বয়স্ক : প্রতিদিন ২-৪ টেবিল চামচ ঔষধ রোজ ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১ চামচ করে রোজ ২ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ
যারা অমৃতারিষ্ট-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া
নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে অম্লতা, বুকজ্বালা বা গ্যাস্ট্রিকের অনুভূতি পরিলক্ষিত হতে

সতর্কতা
গর্ভবতী ও স্তন্যদানরত মহিলা, ডায়াবেটিস রোগীদের ব্যবহারে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সংরক্ষণ
নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা
পিইটি বোতলে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ।



স্পিলিনা

স্পিরুলিনা ৫০০ মি. গ্রা.

সাধারণ বলকারক ও প্রাকৃতিক শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্ট

Spilina

Spirulina 500 mg

ক্যাপসুল

বর্ণনা

স্পিলিনা (স্পিরুলিনা) এটি একটি সবুজ সামুদ্রিক শৈবালের শুষ্ক পাউডার দ্বারা প্রস্তুত। স্পিলিনা (স্পিরুলিনা) প্রচুর পরিমাণে উদ্ভিজ্জ প্রোটিন (৬৮-৭০%), ভিটামিন (এ, বি১, বি২, বি৩, বি৬, বি১২, সি, ডি, ই, কে ইত্যাদি), মিনারেল (আয়রন, ক্যালসিয়াম, জিংক, সেলিনিয়াম, ম্যাগনেশিয়াম, সোডিয়াম, ম্যাংগানিজ ইত্যাদি), ট্রেস এলিমেন্টস, উদ্ভিজ্জ রঞ্জক পদার্থ যেমন-বিটাক্যারোটিন, ফাইকোসায়ানিন এবং অ্যান্টিঅক্সিডেন্ট উপাদান বিদ্যমান। স্পিলিনা (স্পিরুলিনা) শারীরিক দুর্বলতা ও অপুষ্টি দূরীকরণের জন্য ব্যবহার করা হয়। স্পিলিনা (স্পিরুলিনা) গর্ভবতী মহিলা, দুগ্ধদানকারী মা, খেলোয়াড় ও বয়স্ক মানুষদের জন্য আদর্শ আয়ূর্বেদিক ঔষধ।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে- স্পিরুলিনা শুষ্ক পাউডার (Spirulina Dry Powder) ৫০০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- অপুষ্টি
- সাধারণ দুর্বলতা
- রাতকানা
- রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস
- রক্তস্বল্পতা
- অতিরিক্ত কোলেস্টেরল
- স্থূলতা
- অ্যান্টিবায়োটিক সেবনজনিত অসুস্থতা
- চর্ম রোগ
- মাতৃদুগ্ধ নিঃসরণ হ্রাস
- চুলপড়া
- ভিটামিন ও খনিজ উপাদানের ঘাটতি

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ১ ক্যাপসুল রোজ ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১ টি করে ক্যাপসুল রোজ ১ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা স্পিরুলিনা প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে কদাচিৎ পরিপাকতন্ত্রের সমস্যা যেমন-বমি ও বমিভাব পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভকালীন ও দুগ্ধদানকারী মায়েদের সেবনের বিষয়ে কোনো বিধি-নিষেধ নেই।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে ১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল। প্লাস্টিক কন্টেইনারে ১৫/৩০ ক্যাপসুল।



জেনোনেক্স

জিনজার-৫০০ মি. গ্রা.

গ্যাস্ট্রিক, বায়ুনাশক ও হজমকারক

Genunex

Ginger-500 mg

ক্যাপসুল

বর্ণনা

জেনোনেক্স (জিনজার) ক্যাপসুল হলো আদার গুঁড়ো থেকে তৈরি একটি আয়ূর্বেদিক ফর্মূলেশন। আদার প্রধান ফাইটোকেমিক্যালগুলির মধ্যে রয়েছে- জিঞ্জিবেরিন, জিঞ্জের, শাগাওল এবং জিঙ্গিবাইন। এটি মূলত পেটে ব্যথা, বমি বমি ভাব, বমি, বদহজম, ক্ষুধাহীনতা, পেট ফাঁপা এবং কোষ্ঠকাঠিন্যের মতো বিভিন্ন গ্যাসট্রিক রোগের চিকিৎসার জন্য নির্দেশিত।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে- আদা মিহি চূর্ণ - ৫০০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- গ্যাসট্রিক
- ক্ষুধামন্দা
- বদহজম
- খুসখুসে কাশি
- ডিওডেনাম আলসার
- অরুচি
- কোষ্ঠকাঠিন্য
- পেট ফাঁপা
- পেটে বায়ুজনিত ব্যথা
- বমিভাব

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ১ ক্যাপসুল দৈনিক ২/৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১টি করে ক্যাপসুল দৈনিক ২ বার আহারের পূর্বে অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা জিনজার এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে কদাচিৎ পরিপাকতন্ত্রের সমস্যা যেমন-বমি, বমিভাব, রক্তচাপ ও শর্করা হ্রাস পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভকালীন ও দুগ্ধদানকারী মায়েদের ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে ১০ x ৩, ১০x ৫, ক্যাপসুল।

ষ্টীমো প্রাপ্তি

শতমূল-৫০০ মি. গ্রা.

যৌন দুর্বলতা ও শুক্র স্বল্পতায় কার্যকর

Stimo Prapti

Asparagus-500 mg.

ক্যাপসুল

বর্ণনা

ষ্টীমো প্রাপ্তি (শতমূল) প্রাচীন কাল থেকে ব্যবহৃত হয়ে আসা ভেষজ ফর্মূলা। ষ্টীমো প্রাপ্তি এ রয়েছে শতমূল মিহি চূর্ণ এটি পুরুষের শুক্রাণু বৃদ্ধি করে, যৌন ইচ্ছা বাড়ায় ও যৌন শক্তি বৃদ্ধি করে। ষ্টীমো প্রাপ্তি শুক্রাণুর পরিমাণ বৃদ্ধি ও গুণমান উন্নত করে ফলে বন্ধ্যাত্ব সমস্যায় সহায়ক হতে পারে। ষ্টীমো প্রাপ্তি মহিলাদের হরমোন ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে, মাসিকের অনিয়ম ও গর্ভধারণে সহায়ক। মানসিক চাপ, যৌন দুর্বলতা-এর জন্য ষ্টীমো প্রাপ্তি হতে পারে কার্যকরী চিকিৎসা। ষ্টীমো প্রাপ্তি (শতমূল) শক্তিবর্ধক ও দীর্ঘস্থায়ী যৌন কর্মক্ষমতা বজায় রাখতে সাহায্য করে।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে- শতমূল মিহি চূর্ণ- ৫০০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- যৌন দুর্বলতা
- বৃক্কের দুর্বলতা
- অরুচি
- মূত্র স্বল্পতা
- শুক্র স্বল্পতা
- অম্লাধিক্য

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ১ ক্যাপসুল, দৈনিক ১ বার আহারের পূর্বে, ১ গ্লাস কুসুম গরম দুধ/পানি সহ অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

শতমূল-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে কদাচিৎ পরিপাকতন্ত্রের সমস্যা যেমন-বমি,বমিভাব, ঘুম ঘুম ভাব, পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভকালীন ও দুগ্ধ দানকালীন মায়েদের ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে ১০ X ১, ১০ X ৩ ক্যাপসুল।

প্রাপ্তি-ভিটা

অশ্বগন্ধা-৫০০ মি. গ্রা.

এ টু জেড ভিটামিন সমগোত্রীয় ক্যাপসুল

Prapti-Vita

Ashwagondha-500mg.

ক্যাপসুল

বর্ণনা

প্রাপ্তি-ভিটা (অশ্বগন্ধা) একটি শক্তিবর্ধক ও পুনরুজ্জীবনকারী আয়ূর্বেদিক ফর্মূলা, যা শরীর ও মনের ভারসাম্য রক্ষা করে। প্রাপ্তি-ভিটা এর মূল উপাদান অশ্বগন্ধা মিহি চূর্ণ, যা প্রাকৃতিকভাবে শারীরিক ও মানসিক দুর্বলতা দূর করে এবং দেহে নতুন উদ্যম সঞ্চার করে। এটি ক্লান্তি স্নায়বিক অবসাদ ও মানসিক চাপ কমিয়ে স্নায়ুতন্ত্রকে শক্তিশালী করে তোলে। প্রাপ্তি-ভিটা (অশ্বগন্ধা) দুধ উৎপাদন বৃদ্ধি করে দুগ্ধ স্বল্পতা নিরাময়ে সহায়ক ভূমিকা রাখে এবং শুক্র স্বল্পতা ও যৌন দুর্বলতা দূর করে প্রজননক্ষমতা উন্নত করে। এছাড়া প্রাপ্তি-ভিটা রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে, শরীরের কোষ গুলোকে পুনরুজ্জীবিত করে এবং হরমোনের ভারসাম্য রক্ষা করে। নিয়মিত প্রাপ্তি-ভিটা সেবনে দেহে শক্তি, মনোযোগ ও স্মৃতিশক্তি বৃদ্ধি পায়। প্রাপ্তি-ভিটা প্রাকৃতিকভাবে শরীরের সহনশক্তি বাড়িয়ে সামগ্রিক সুস্থতা নিশ্চিত করে।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে - অশ্বগন্ধা মিহি চূর্ণ (Withania Somnifera) - ৫০০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- সাধারণ দুর্বলতা
- মানসিক দুর্বলতা
- শুক্র স্বল্পতা
- রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি
- যৌন দুর্বলতা
- দুগ্ধ স্বল্পতা
- ক্লান্তি ও স্নায়বিক অবসাদ

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : প্রতিদিন ১ ক্যাপসুল খাবার পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা অশ্বগন্ধা-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে ঘুম ঘুম ভাব, পাকস্থলীতে অস্বস্তি, বমি বমি ভাব পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভবতী ও স্তন্যদানরত মহিলা, থাইরয়েড, ডায়াবেটিস রোগীদের ব্যবহারে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে ১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল।
প্লাস্টিক কন্টেইনারে ১৫/৩০ ক্যাপসুল।



হর্মোপ্রাপ্তি

জিনসেং ৫০০ মি. গ্রা.

শক্তি ও দৃঢ়তা বৃদ্ধি করে
যৌন আকাঙ্ক্ষা বৃদ্ধিতে কার্যকর

Hormoprapti

Ginseng 500 mg.

ক্যাপসুল

বর্ণনা

হর্মোপ্রাপ্তি প্যানাক্স জিনসেং মূলের স্ট্যান্ডার্ডাইজড নির্যাস দ্বারা প্রস্তুত। হর্মোপ্রাপ্তি অ্যাডাপটোজেনিক, রোগ প্রতিরোধক এবং শক্তি পুনরুদ্ধারকারক হিসেবে শারীরিক ও মানসিক সক্ষমতা বৃদ্ধি করে, শারীরিক দুর্বলতা, অবসাদ, মানসিক চাপ, পরিশ্রান্ত, ক্লান্তি, অমনোযোগিতা, রোগ আরোগ্যকালীন দুর্বলতা এবং যৌন দুর্বলতা দূর করে। হর্মোপ্রাপ্তি জীবনশক্তি বৃদ্ধি করে। এছাড়াও এটি ক্রীড়াবিদ ও বয়স্কদের জন্য একটি আদর্শ শক্তিবর্ধক।

উপাদান

প্রতি ক্যাপসুলে আছে- প্যানাক্স জিনসেং (Panax Ginseng) মূলের স্ট্যান্ডার্ডাইজড ৫০০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- শারীরিক ও মানসিক দুর্বলতা নিরাময় করে
- মানসিক উদ্বেগ হ্রাস করে
- যৌনাকাঙ্ক্ষা বৃদ্ধি করে
- অবসাদ নিরাময় করে
- শারীরিক কর্মক্ষমতা হ্রাস
- অমনোযোগিতা প্রশমক
- বন্ধ্যাত্ব দূরীকরণে সহায়ক
- লিঙ্গোত্থানজনিত সমস্যা দূর করে

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক ঃ ১ ক্যাপসুল, দৈনিক ১ বার আহারের পূর্বে, ১ গ্লাস কুসুম গরম দুধ/পানি সহ অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা প্যানাক্স জিনসেং উদ্ভিদের প্রতি যাদের অতিসংবেদনশীলতা আছে তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে বমি-বমিভাব, ডায়রিয়া, মাথাব্যথা, অনিদ্রা, উচ্চরক্তচাপ ও ত্বকে ফুসকুড়ি দেখা দিতে পারে।

সতর্কতা

উচ্চরক্তচাপ, কার্ডিয়াক রোগীদের সতর্কতার সঙ্গে সেবন করতে হবে। ১২ বছরের নিচে সেবনে নিরুৎসাহিত করা হয়। গর্ভকালীন, দুগ্ধদানকালীন ও শিশুদের ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে
১০ X ১, ১০ X ৩ ক্যাপসুল।



নিউরোভাইন

পাঙ্কচার ভাইন-৫০০ মি. গ্রা.

শারীরিক দুর্বলতা ও মানসিক দুর্বলতায় কার্যকর

Neurovine

Puncture Vine-500mg.

ক্যাপসুল

বর্ণনা

নিউরোভাইন (পাঙ্কচার ভাইন) হলো একটি প্রাকৃতিক আয়ুর্বেদিক ঔষধ, যা মূত্রনালি ও বৃক্কসংক্রান্ত সমস্যার প্রাকৃতিক চিকিৎসায় অত্যন্ত কার্যকর। এটি মূত্র ধারণে অক্ষমতা দূর করতে সাহায্য করে এবং বৃক্কজনিত রোগ, বিশেষত পাইলোনেফ্রাইটিস ও বৃক্ষ ও মূত্রথলি থেকে পাথর অপসারণে এটি সহায়ক ভূমিকা পালন করে। এছাড়াও রক্ত অর্থ্রাইটিসের প্রদাহ ও কোলিক ব্যথা উপশমে সহায়ক। গাউট ও সার্বিক শারীরিক দুর্বলতা দূর করতে এটি কার্যকর। যৌন দুর্বলতা ও যৌনজনিত রোগের প্রাকৃতিক সমাধানে সহায়তা প্রদান করে এবং বন্ধ্যত্ব ও প্রসব-পরবর্তী উপসর্গ নিয়ন্ত্রণে সহায়ক। নিউরোভাইন এর প্রধান উপাদান হিসেবে শুধু মাত্র পাঙ্কচার ভাইন ব্যবহৃত হয়, যা অ্যান্টি-ইনফ্ল্যামেটরি, ডায়ুটিক এবং টোনিক প্রভাবের মাধ্যমে শরীরের প্রাকৃতিক সুরক্ষা ও পুনরুদ্ধারে ভূমিকা রাখে।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে - পাঙ্কচার ভাইন (Puncture Vine) ৫০০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- সার্বিক শারীরিক দুর্বলতা
- যৌন দুর্বলতা ও যৌনজনিত রোগ
- কোলিক ব্যথা
- পাইলোনেফ্রাইটিস
- মূত্রথলির দুর্বলতা
- বৃক্কজনিত রোগসমূহ
- রক্ত অর্থ্রাইটিসে উপশম
- বৃক্ক ও মূত্রথলির পাথর

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ১ ক্যাপসুল রোজ ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২বছর) ১ টি করে ক্যাপসুল রোজ ১ বার খাবার পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা পাঙ্কচার ভাইন-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে হজমজনিত সমস্যা, ও লিভার কিডনিতে অতিরিক্ত চাপ পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভবতী ও স্তন্যদানরত মহিলা বা কিডনি বা লিভারের গুরুতর সমস্যাযুক্ত রোগীদের ব্যবহারে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে ১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল।
প্লাস্টিক কন্টেইনারে ১৫/৩০ ক্যাপসুল।



ইন্ডো-প্লাম

ওয়াইল্ডয়্যাম-২০০ মি. গ্রা.

জয়েন্টের ব্যথা দূর করে,
কার্টিলেজ ভাঙন প্রতিরোধ ও মেরামতে সহায়তা করে

Indo-Plam

Wild Yam-200 mg.

ক্যাপসুল

বর্ণনা

ইন্ডো-প্লাম (ওয়াইল্ডইয়্যাম) একটি প্রাচীন আয়ুর্বেদিক ঔষধ যার মূল উপাদান ওয়াইল্ডয়্যাম শুষ্কসার। ইন্ডো-প্লাম (ওয়াইল্ডয়্যাম) প্রধানত হাড় ও জোড়ের প্রদাহজনিত ব্যথা এবং বাতজব্যাধি নিরসনে কার্যকর। নিয়মিত ব্যবহারে এটি সংযোগকারী টিস্যু এবং হাড়ের স্থিতিশীলতা বৃদ্ধি করে, যৌথ (Stiffness) ও শারীরিক অস্থিসন্ধি ব্যথা কমাতে সহায়ক। এছাড়াও আন্ত্রিক প্রদাহ, পিত্তসংক্রান্ত সমস্যা যেমন পিত্তপ্রদাহ, পিত্তথলির ব্যথা এবং পিত্তবরোধ হ্রাসে সহায়ক। নারীর স্বাস্থ্যের জন্য ইন্ডো-প্লাম কষ্টরজঃ উপশম এবং রজঃস্বল্পতা নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ইন্ডো প্লাম (ওয়াইল্ডয়্যাম) হরমোন ভারসাম্য বজায় রাখতে, প্রদাহ হ্রাস করতে এবং শারীরিক ও মানসিক শক্তি বৃদ্ধি করতে সহায়ক। ইন্ডো-প্লাম প্রাকৃতিক এবং দীর্ঘমেয়াদি ব্যবহারের জন্য নিরাপদ।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে -ওয়াইল্ডয়্যাম শুষ্কসার (Dioscorea Villosa) ২০০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- সকল প্রকার বাত ব্যথা
- বাতজব্যাধি
- প্রতিবন্ধকতাজনিত পিত্তপ্রদাহ
- পিত্তবরোধ
- ব্যথা
- আন্ত্রিক প্রদাহ
- পিত্তথলীর ব্যথা
- রজঃস্বল্পতা

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক ঃ ১ টি করে ক্যাপসুল দৈনিক ১-২ বার, **অপ্রাপ্ত বয়স্ক ঃ** (৬-১২ বছর) ১ টি করে ক্যাপসুল দৈনিক ১ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য ।

প্রতিনির্দেশ

যারা ওয়াইল্ডয়্যাম-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে পেট ফাঁপা, পাতলা পায়খানা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভবতী ও স্তন্যদানরত মহিলাদের ব্যবহারে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে
১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল।

দারুক্যাল

দারুহরিদ্রা-৫০০ মি. গ্রা.

ক্যালসিয়ামের অভাব পূরণে কার্যকর

Darucal

Daruharidra-500mg.

ক্যাপসুল

বর্ণনা

দারুক্যাল (দারুহরিদ্রা) একটি শক্তিশালী আয়ুর্বেদিক ভেষজ, যা প্রাকৃতিক অ্যান্টি-ইনফ্লেমেটরি, অ্যান্টিমাইক্রোবিয়াল ও হেপাটোপ্রটেকটিভ গুণসম্পন্ন। এতে থাকা সক্রিয় উপাদান দারুহরিদ্রা শরীরের টক্সিন নির্মূল, সংক্রমণ প্রতিরোধ ও কোশীয় বিপাকক্রিয়া কে সঠিক রাখে। দারুক্যাল (দারুহরিদ্রা) পয়েন্ট প্রদাহ, বাতব্যাধি ও কব্জির ব্যথায় প্রদাহনাশক হিসেবে কাজ করে। লিভার ও পিত্তথলির রোগ, জন্ডিস ও প্লীহার বিকারে এটি বিশেষ কার্যকর। দারুক্যাল (দারুহরিদ্রা) হজমের গোলযোগ, আমাশয়, অর্শ/পাইলস ও মূত্রসংক্রান্ত সমস্যায় পরিপাকতন্ত্রকে সঠিকভাবে কার্যকর রাখে। এছাড়া দারুক্যাল চোখের রোগ, চোখ উঠা, স্কার্ভি ও ম্যালেরিয়া, কালাজ্বরের উপশমে সহায়ক। এর অ্যান্টিঅক্সিডেন্ট উপাদান ইমিউন সিস্টেমকে শক্তিশালী করে শরীরের রোগপ্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে - দারুহরিদ্রা শুকনো ছাল চূর্ণ (Berberis Vulgaris)-৫০০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মুলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- জয়েন্ট প্রদাহ
- চোখের রোগ
- পিত্তথলির পাথর
- কব্জির ব্যথা
- বাত ব্যাধি
- লিভারের রোগ
- জন্ডিস ও প্লীহার রোগ
- হজমের গোলযোগ

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক ঃ ১ টি করে ক্যাপসুল প্রতিদিন ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক ঃ** (৬-১২ বছর) ১টি করে ক্যাপসুল প্রতিদিন ১ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

দারুহরিদ্রা-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে বমি বমি ভাব, হজমের সমস্যা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভবতী ও স্তন্যদানকারী মহিলাদের নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে ১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল। প্লাস্টিক কন্টেইনারে ১৫/৩০ ক্যাপসুল।



নিমাটল

নিম-৪৭৫ মি.গ্রা.

চর্মরোগ ও ভাইরাসবিরোধী ক্যাপসুল

Neematol

Neem-475 mg.

ক্যাপসুল

বর্ণনা

নিম পাতা প্রাচীনকাল থেকেই একটি শক্তিশালী ভেষজ ঔষধ হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। এটি তেতো হলেও এর উপকারিতা অসংখ্য। নিম পাতায় রয়েছে অ্যান্টি ব্যাকটেরিয়াল, অ্যান্টিফাঙ্গাল, অ্যান্টিভাইরাল ও অ্যান্টিঅক্সিডেন্ট। উপাদান, যা শরীরকে ভেতর থেকে সুস্থ রাখে এবং নানা রোগ প্রতিরোধ করে। ত্বকের যত্নে নিম পাতার জুড়ি নেই। এটি ব্রণ, ফুসকুড়ি, একজিমা, চুলকানি ও বিভিন্ন ধরনের ত্বকের প্রদাহ দূর করতে কার্যকর। নিয়মিত নিম পাতা সেদ্ধ পানি দিয়ে গোসল করলে ত্বক পরিষ্কার থাকে এবং জীবাণুর সংক্রমণ কমে যায়। নিম পাতা দিয়ে তৈরি প্যাক চুলে ব্যবহার করলে খুশকি কমে যায় এবং চুলপড়া রোধ হয়। শরীরের ভেতরেও নিম পাতা সমানভাবে উপকারী। এটি রক্ত বিশুদ্ধ করে, হজমশক্তি উন্নত করে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। নিম পাতার অ্যান্টি ডায়াবেটিক গুণ রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। এছাড়া দাঁত ও মাড়ি মজবুত করতেও নিম ব্যবহার করা হয়।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে-শুকনো নিম ছালচূর্ণ- ৪৭৫ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ুর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- চর্মরোগ
- জীবাণু বিরোধী
- ভাইরাসবিরোধী
- তিক্ত বলবর্ধক
- জ্বর নাশক
- ক্ষত নিবারক

সেবন বিধি

প্রাপ্তবয়স্ক : ১ ক্যাপসুল দৈনিক ২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** ১ ক্যাপসুল দৈনিক ১ বার (৬-১২ বছর) আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা নিম এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে কদাচিৎ পরিপাকতন্ত্রের সমস্যা যেমন-বমি ও বমিভাব পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভকালীন, দুগ্ধদানকালীন ও শিশুদের ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে
১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল।



নার্বোটিড

ইয়ারো-৩৫০ মি. গ্রা.

স্নায়বিক দুর্বলতা, সাধারণ দুর্বলতা, অনিয়মিত মাসিক-এ কার্যকর

Narbotid

Yarrow-350 mg.

ক্যাপসুল

বর্ণনা

নার্বোটিড (ইয়ারো) একটি প্রাকৃতিক আয়ূর্বেদিক ফর্মুলেশন, যার প্রধান উপাদান (Achillea Millefolium) (ইয়ারো)। এটি স্নায়ুতন্ত্রকে সুদৃঢ় করে স্নায়বিক ও শারীরিক দুর্বলতা দূর করতে সহায়তা করে। ইয়ারো-তে উপস্থিত প্রাকৃতিক অ্যালকালয়েড, ফ্ল্যাভোনয়েড ও ট্যানিন উপাদান হজমশক্তি বৃদ্ধি করে, ক্ষুধাহীনতা ও অজীর্ণতা দূর করে। এটি যকৃতের কার্যক্ষমতা উন্নত করে লিভারকে টক্সিনমুক্ত রাখতে সাহায্য করে। নারীদের অনিয়মিত মাসিক, অতিরিক্ত রক্তক্ষরণ ও মাসিকজনিত ব্যথা প্রশমনে নার্বোটিড (ইয়ারো) বিশেষভাবে কার্যকর। এটির অ্যান্টি-স্পাসমোডিক গুণ খিঁচুনি কমায় এবং কোষ্ঠকাঠিন্য প্রশমনে সহায়তা করে। নিয়মিত সেবনে শরীরে শক্তি, স্নায়বিক স্থিতিশীলতা এবং হরমোনের ভারসাম্য বজায় থাকে।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে - ইয়ারো শুষ্কসার (Achillea Millefolium) - ৩৫০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- স্নায়বিক দুর্বলতা
- শারীরিক দুর্বলতা
- অনিয়মিত মাসিক
- ক্ষুধাহীনতা
- অজীর্ণ
- যকৃতের রোগ
- রক্তক্ষরণ
- খিঁচুনি ও কোষ্ঠকাঠিন্য

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ১ ক্যাপসুল প্রতিদিন ১-২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১ ক্যাপসুল প্রতিদিন ১ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা ইয়ারো-এর প্রতি অতিসংবেদনশীল, তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে ত্বকে অ্যালার্জি, চুলকানি, পেটব্যথা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভবতী ও স্তন্যদানরত মহিলা ব্যবহারে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন।
সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে ১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল।
প্লাস্টিক কন্টেইনারে ১৫/৩০ ক্যাপসুল।



টোভাটিন

গার্লিক-১১৫ মি. গ্রা.

ব্লাড কোলেস্টেরল নিয়ন্ত্রনে কার্যকর

Tovatin

Garlic-115mg.

ক্যাপসুল

বর্ণনা

টোভাটিন (গার্লিক) একটি শক্তিশালী প্রাকৃতিক ঔষধ, যা Allium Sativum থেকে প্রাপ্ত। এতে উপস্থিত সালফারযুক্ত যৌগ যেমন অ্যালিসিন (Allicin) অ্যালিন (Alliin) ও সালফাইড কম্পাউন্ড শরীরে অ্যান্টিবায়োটিক, অ্যান্টিফাঙ্গাল ও অ্যান্টিঅক্সিডেন্ট প্রভাব সৃষ্টি করে। এটি প্রাথমিক হাইপারকোলেস্টেরলেমিয়া নিয়ন্ত্রণে সহায়ক, রক্তে এলডিএল কোলেস্টেরল হ্রাস করে এবং কার্ডিয়াক স্ট্রেইন কমিয়ে হৃদযন্ত্রের কার্যক্ষমতা বৃদ্ধি করে। রসুন ইনসুলিন সেনসিটিভি বৃদ্ধি করে, ফলে টাইপ-২ ডায়াবেটিস রোগে কার্যকর ভূমিকা রাখে। এছাড়া এটি রক্তচাপ নিয়ন্ত্রণ, রক্ত জমাট বাধা প্রতিরোধ, ও অ্যাথেরাস্কলেরোসিস প্রতিরোধে সহায়ক। টোভাটিন কাশি, গলা সংক্রমণ, ফুসফুসের রোগ, হাঁপানি, বাত, ও আমাশয় রোগে উপকারী।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে - রসুন শুষ্ক মিহি চূর্ণ (Allium sativum) ৩০ মি. গ্রাম, পেঁয়াজ (Allium cepa) ২০ মি. গ্রাম, জায়ফল (Myristica Fragrans) ১০ মি. গ্রাম, লবঙ্গ (Syzygium aromaticum) ১০ মি. গ্রাম, কালজাম (Syzygium Cumini) ২০ মি. গ্রাম, আমের পাতা (Mangifera indica) ২০ মি. গ্রাম, গাম একাশিয়া (Acacia arabica) ৫ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদান সমূহ পরিমাণমত।

নির্দেশনা

- প্রাথমিক হাইপার কোলেস্টেরলেমিয়া
- কার্ডিয়াক স্ট্রেইন বৃদ্ধি
- রক্তচাপ এবং হৃদরোগের প্রভাব
- রক্ত জমাট বাঁধার লক্ষণ
- অ্যান্টিবায়োটিক ও ছত্রাক-প্রতিরোধ
- টাইপ ২ ডায়াবেটিস

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ১-২ ক্যাপসুল প্রতিদিন ২ বার **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১ ক্যাপসুল প্রতিদিন ১ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা গার্লিক-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে গ্যাসট্রিক জ্বালা, মুখে দুর্গন্ধ পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভবতী ও স্তন্যদানরত মহিলা ব্যবহারে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে
১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল।



ক্লোভা

ফেভার ফিউ-২৫০ মি. গ্রা.

প্রাকৃতিক ব্যথা নিবারক ক্যাপসুল

Clova

Fever Few-250 mg.

ক্যাপসুল

বর্ণনা

ক্লোভা (Fever Few / Tanacetum parthenium) প্রাকৃতিকভাবে প্রাচীনকাল থেকে ব্যবহৃত একটি শক্তিশালী হার্ব, যা মাথাব্যথা ও প্রদাহ উপশমে অত্যন্ত কার্যকর। ফেভার ফিউয়ের মূল সক্রিয় যৌগ পারথেনলাইড (Parthenolide) শক্তিশালী এন্টি-ইনফ্ল্যামেটরি, ব্যথানাশক এবং অ্যান্টি-মাইগ্রেন গুণে সমৃদ্ধ, যা মাথাব্যথা, মাইগ্রেন কমাতে সাহায্য করে। এটি রক্ত সঞ্চালন উন্নত করে, স্নায়ুতন্ত্রকে শান্ত রাখে এবং শরীরকে সতেজ ও প্রাণবন্ত করে। দীর্ঘদিন ধরে ক্লোভা (ফেভার ফিউ) মাইগ্রেন, হালকা পেশি ও জয়েন্ট ব্যথা এবং শারীরিক ক্লান্তি উপশমে প্রাকৃতিক সমাধান হিসেবে ব্যবহৃত হয়ে আসছে।

উপাদান

প্রতি ক্যাপসুলে আছে- ফেভার ফিউ শুষ্ক সার (Fever Few) ২৫০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- সন্ধি প্রদাহ
- বাত ব্যাধি
- আধকপালি মাথা ব্যথা
- মাথাব্যথাজনিত বমিভাব ও বমি
- অ্যালার্জি
- প্রসবান্তিক ব্যথা
- রজঃস্বল্পতা

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ১ টি করে ক্যাপসুল, দৈনিক ২/৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১টি করে ক্যাপসুল, ২ বার আহারের পর অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা ফেভার ফিউ উদ্ভিদের প্রতি যাদের অতিসংবেদনশীলতা আছে তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে বমি-বমিভাব, ডায়রিয়া, মাথাব্যথা, অনিদ্রা, উচ্চরক্তচাপ ও ত্বকে ফুসকুড়ি দেখা দিতে পারে।

সতর্কতা

গর্ভকালীন, দুগ্ধদানকারী মায়েদের ও শিশুদের ব্যবহারে নিরাপত্তার ক্ষেত্রে কোনো তথ্য পাওয়া যায়নি।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে
১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল।



কাষ্টোভাস

কাউস্লিপ ৫০০ মি. গ্রা.

শ্বাসকষ্টের প্রাকৃতিক শক্তিবর্ধক ও
শ্বাসকষ্ট ও কাশিতে কার্যকর

Custovas

Cawslip 500 mg.

ক্যাপসুল

বর্ণনা

কাষ্টোভাস (কাউস্লিপ) হলো একটি ভেষজ উদ্ভিদ যা (Prmula Veris) বা (Primula Officinalis) নামে পরিচিত। এটি একটি বহুবর্ষজীবী ফুলের উদ্ভিদ যা সাধারণত হালকা প্রশান্তিদায়ক গুণাবলির জন্য পরিচিত। এবং ঐতিহ্যগতভাবে শিশুদের শান্ত করতে এবং ঘুমের উন্নতিতে ব্যবহৃত হয়। কাউস্লিপের পাতা, ফুল, এবং শিকড় ঔষধ তৈরিতে ব্যবহার করা হয়। পুষ্পবৃন্তসহ সম্পূর্ণ শুকনো ফুল এবং মূলসহ শুষ্ককন্দ ঔষধে ব্যবহৃত হয়। প্রিমুলা ভেরিস ছাড়াও প্রিমুলা ইলাটিয়র (Primula Elatior) প্রজাতির পুষ্প ও কন্দ এবং এসব উপাদানে তৈরি সামগ্রী ঔষধার্থে ব্যবহৃত হয়।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে-কাউস্লিপ শুষ্ক চূর্ণ-৫০০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- কাশি
- মূর্চ্ছা বায়ু
- মাথাব্যথা
- হৃদ্ অবক্রিয়া
- ব্রংকাইটিস
- অনিদ্রা
- হাত-পা কাঁপা
- উদ্বেগ
- অস্বস্তি ও অস্থিরতা
- স্নায়ুশূল

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ১ ক্যাপসুল দৈনিক ১/২ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১ ক্যাপসুল দৈনিক ১ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা কাউস্লিপ প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে কদাচিৎ পরিপাকতন্ত্রের সমস্যা যেমন-বমি ও বমিভাব পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভকালীন ও দুগ্ধদানকারী মায়েদের সেবনের বিষয়ে কোনো বিধি-নিষেধ নেই।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে
১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল।



ব্যাকটোলিন

ফাইটোলাক্কা-৬০ মি. গ্রা.

ব্যথা নাশক ও প্রদাহ নিবারক

Bactolin

Phytolacca-60 mg.

ক্যাপসুল

বর্ণনা

ব্যাকটোলিন (ফাইটোলাক্কা) হলো একটি শক্তিশালী আয়ূর্বেদিক ঔষধ, যা আয়ূর্বেদিক ও প্রাচীন চিকিৎসায় প্রদাহনাশক, ব্যথানাশক ও ডিটক্সিফায়ার হিসেবে ব্যবহৃত হয়। এর প্রধান উপাদান ফাইটোলাক্কা (Phytolacca americana), যা স্নায়ুতন্ত্রের পুনর্জাগরণে, রক্তপরিশোধনে ও কোষ পুনর্গঠনে কার্যকর। এই ঔষধ বাতজনিত ব্যথা, চর্মক্ষত, ফল ও পুরাতন বাতের ক্ষেত্রে প্রদাহ কমিয়ে টিস্যু রিজেনারেশন ত্বরান্বিত করে। টনসিলাইটিস, ফ্যারিঞ্জাইটিস, গ্রন্থিজনিত প্রদাহ, স্তনপ্রদাহ, এবং কর্ণমূল স্ফীতির মতো সংক্রমণজনিত প্রদাহে কার্যকর ভূমিকা রাখে। পুরাতন শ্বাসকষ্ট ও কণ্ঠনালি প্রদাহে এটি শ্বাসনালি পরিষ্কার করে, শ্লেষ্মা নিঃসরণে সাহায্য করে। এছাড়া কোষ্ঠোকাঠিন্য উপশমে এটি ল্যাক্সেটিভ হিসেবে কাজ করে। অভ্যন্তরীণ ও বাহ্যিক খোস, পাচড়া, ব্রণ ইত্যাদি চর্মরোগে এর ব্যাবটেরিওস্ট্যাটিক গুণ ত্বককে বিশুদ্ধ করে ও চুলকানি উপশম করে। ফলে ব্যাকটোলিন দেহের অভ্যন্তরীণ বিষাক্ততা নিরসনে ও সামগ্রিক স্বাস্থ্য পুনরুদ্ধারে সহায়ক।

উপাদান

প্রতিটি ক্যাপসুলে আছে - ফাইটোলাক্কা শুষ্ক চূর্ণ (Phytolacca americana) -৬০ মি. গ্রাম এবং বাংলাদেশ জাতীয় আয়ূর্বেদিক ফর্মূলারী মতে অন্যান্য উপাদানসহ প্রস্তুত।

নির্দেশনা

- বাত ও চর্ম
- পুরাতন শ্বাসকষ্ট
- কণ্ঠনালি প্রদাহ
- স্তন প্রদাহ
- পুরাতন বাত
- টনসিল প্রদাহ
- গ্রন্থি প্রদাহ
- খোস পাঁচড়া ও ব্রণ

সেবন বিধি

প্রাপ্ত বয়স্ক : ১-২ ক্যাপসুল দিনে ৩ বার, **অপ্রাপ্ত বয়স্ক :** (৬-১২ বছর) ১ ক্যাপসুল দিনে ২ বার সেব্য অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতিনির্দেশ

যারা ফাইটোলাক্কা-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে সেবনে প্রতিনির্দেশ রয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়া

নির্ধারিত মাত্রায় সেবনে কোনো উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি। তবে অতিরিক্ত মাত্রায় সেবনে জ্বালাপোড়া, স্নায়বিক অস্থিরতা পরিলক্ষিত হতে পারে।

সতর্কতা

গর্ভবতী ও স্তন্যদানরত মহিলা, শিশু এবং বয়স্ক দুর্বল ব্যক্তিদের ব্যবহারে রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সংরক্ষণ

নিয়ন্ত্রিত তাপমাত্রায়, শুকনো জায়গায় ঔষধটি সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

প্রতি বাক্সে অ্যালু অ্যালু ব্লিস্টার স্ট্রিপে ১০ X ৩, ১০ X ৫ ক্যাপসুল।



পেপলস

ফ্রানগুলা-২০০ মি. গ্রা.

কোষ্ঠকাঠিন্য ও গ্যাস্ট্রিক নিরাময়কারী ক্যাপসুল

Peplose

Frangula-200 mg.

ক্যাপসুল

বর্ণনা

